দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
বৃহস্পতিবার
রেজিঃ নং-চ-৫১৩
১ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫৮
১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে বেড়েছে ইলিশের আমদানি, দাম চড়া

স্টাফ রিপোর্টার

দেশের সবচাইতে বড় ইলিশের বাজার চাঁদপুর বড় স্টেশন মাছঘাটে বেড়েছে ইলিশের সরবরাহ ফলে হাঁক ডাক বেড়েছে ক্রেতা ও বিক্রেতাদের মাঝে। গত সপ্তাহের তুলনায় আমদানি বাড়ায় কর্মব্যস্ততা বেড়েছে মৎস্য ব্যবসায়ী ও শ্রমিকদের মাঝে। বর্তমানে মাছঘাটে প্রতিদিন গড়ে ৩০০ মণের বেশি ইলিশ আসছে। তবে সরবরাহ বাড়লেও দাম এখনো সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে বলে জানিয়েছেন তারা।

খোঁজ নিয়ে দেখা যায় ইলিশের সরবরাহ বাড়ার পরেও দামে প্রভাব পড়েনি, ফলশ্রুতিতে হতাশ ক্রেতা সাধারণ।

বুধবার (৩০ সেপ্টেম্বর) সকাল ১১টায় শহরের বড় স্টেশন মাছঘাটে সরজমিন এমন চিত্র দেখা গেছে। চোখ ঘুরালেই দেখাযায় প্রতিটি আড়তের সামনে ইলিশের স্তূপ। আগের তুলনায় ইলিশের সরবরাহ বাড়ায় চাঁদপুর বড়স্টেশন মাছঘাটে

বিক্রেতাদের হাঁকডাকে মুখরিত। কোথাও ইলিশ বাছাই করা হচ্ছে, আবার কোথাও বরফ দিয়ে প্যাকেটজাত করা হচ্ছে। দক্ষিণাঞ্চল, সাগরের মোহনা এবং চাঁদপুরের পদ্মা-মেঘনা থেকে ইলিশ মাছঘাটে আসলেও দাম চড়া।

বাজার ঘুরে দেখা যায়, ৮০০ থেকে ৯০০ গ্রাম ওজনের একটি ইলিশ কিনতে ক্রেতাকে গুনতে হচ্ছে প্রায় ১ হাজার ২০০ থেকে ১ হাজার ৩৫০ টাকা। অন্যদিকে এক কেজি বা তার বেশি ওজনের একটি ইলিশের দাম পড়ছে ২ হাজার ৫০০ টাকা।

ক্রেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, ইলিশের বর্তমান দাম তাদের পারিবারিক বাজেটে বাড়তি চাপ তৈরি করছে। অনেকেই দাম শুনে মাছ না কিনেই বাজার থেকে ফিরে যাচ্ছেন। কেউ কেউ দাম কমার অপেক্ষায় রয়েছেন।

লাকসাম থেকে মাছঘাটে ইলিশ কিনতে আসা মিজানুর রহমান বলেন, ইলিশের দাম অনেক বেশি। ৮০০-৯০০ গ্রামের মাছও দেড় হাজার টাকা কেজি। একটি মাছ কিনতেই প্রায় ১ হাজার ৩০০ টাকা চলে ৩-এর পাতায় দেখুন

প্রশাসন যদি জালিমের ভূমিকা পালন করে, আমরা রুখে দাঁড়াব : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

প্রশাসন যদি কোনো অবস্থায় ন্যায়বিচারের পথ ছেড়ে জালিমের ভূমিকা পালন করে, তবে তা কোনোভাবেই মেনে নেওয়া হবে না এবং জনগণ তা রুখে দাঁড়াবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বুধবার রাজধানীর মিরপুর-১০ নম্বর এলাকায় ফুটপাতে উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষ ও উদ্ভূত পরিস্থিতি পরিদর্শনে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

ঘটনাস্থলে উপস্থিত ক্ষুদ্র ব্যবসায়ী ও সাধারণ মানুষের উদ্দেশে দেওয়া ৩-এর পাতায় দেখুন

বারডেমের নতুন মহাপরিচালক হাজীগঞ্জের সন্তান ডা. নাছির উদ্দীন আহমেদ

দিগন্ত ডেস্ক

ব্রিগেডিয়ার জেনারেল ডা. মোঃ নাছির উদ্দীন আহমেদ (অব.)।

বারডেম জেনারেল হাসপাতালের নতুন মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন ব্রিগেডিয়ার জেনারেল ডা. মোঃ নাছির উদ্দীন আহমেদ (অব.)। গত ১৪ সেপ্টেম্বর তাঁকে এ পদে নিয়োগ প্রদান করা হয়। বাংলাদেশ ডায়াবেটিক সমিতির (বাডাস) মহাসচিব মোহাম্মদ সাইফ উদ্দিন স্বাক্ষরিত এক দাপ্তরিক পত্রের মাধ্যমে এ নতুন নিয়োগের বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করা হয়েছে।

স্বাস্থ্য খাতে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন ব্রিগেডিয়ার জেনারেল ডা. মোঃ নাছির উদ্দীন আহমেদ এর আগেও বারডেম হাসপাতালে একাধিক উচ্চপর্যায়ের প্রশাসনিক পদে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি প্রতিষ্ঠানটির অতিরিক্ত মহাপরিচালক হিসেবে সেবা দেওয়ার পাশাপাশি পরিচালক (হাসপাতাল ও লজিস্টিক সার্ভিসেস) পদসহ নানা গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন। ৩-এর পাতায় দেখুন

আন্তর্জাতিক প্রবীণ দিবস আজ

দিগন্ত ডেস্ক

আজ ১ অক্টোবর, আন্তর্জাতিক প্রবীণ দিবস। সারা বিশ্বের মতো বাংলাদেশেও 'আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৬' উদযাপিত হচ্ছে। এবারের দিবসের প্রতিপাদ্য– 'দ্য এইজ অব লংজিবিটি : রিথিংকিং সিস্টেমস ফর লংগার লাইভস'।

জাতিসংঘের সাধারণ পরিষদে ১৯৯০ সালের ১৪ ডিসেম্বর প্রতিবছর বিশ্বব্যাপী ১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। যুগান্তকারী এ সিদ্ধান্তের আলোকে সারা বিশ্বের মতো বাংলাদেশেও ১৯৯১ সাল থেকে দিবসটি পালিত হয়ে আসছে। 'আন্তর্জাতিক প্রবীণ দিবস' উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে ৩-এর পাতায় দেখুন

জেলা লিগ্যাল এইড কমিটির নবম মাসিক সভায় বক্তব্য রাখছেন চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান সামছুন্নাহার।

চাঁদপুর জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভা

লিগ্যাল এইড কমিটি দরিদ্র ও অসহায় মানুষকে বিনামূল্যে আইনী সহায়তা দিয়ে আসছে

------চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ সামছুন্নাহার

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর জেলা লিগ্যাল এইড কমিটির নবম মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টায় চাঁদপুর জেলা জজকোর্টের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান সামছুন্নাহার। তিনি বলেন, লিগ্যাল এইড কমিটি দরিদ্র ও অসহায় মানুষদের বিনামূল্যে আইনি সহায়তা দিয়ে আসছে। হতদরিদ্র ও অসহায় মানুষকে বিনামূল্যে আইনি সহায়তা দিতে জেলা লিগ্যাল এইড কমিটি বদ্ধ পরিকর? তিনি বলেন, বর্তমানে লিগ্যাল এইড কমিটির কার্যক্রম ৩-এর পাতায় দেখুন

হাম উপসর্গে আরো ৪ শিশুর মৃত্যু

দিগন্ত ডেস্ক

সারাদেশে হাম উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরো চার শিশুর মৃত্যু হয়েছে। ১৫ মার্চ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত নিশ্চিত হাম ও হাম উপসর্গে মৃত রোগীর সংখ্যা ১ হাজার ১০৮ জন।

বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ১ হাজার ২২১ জন ও গত ১৫ মার্চ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা ১ লাখ ৯১ হাজার ৭৩১ জন।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১২৮ জন। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ২১ হাজার ৫২০ জন।গত ১৫ মার্চ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ লাখ ৬৯ হাজার ৮০০ জন।

একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ১ লাখ ৬২ ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে গ্রাম আদালত কার্যক্রম সর্ম্পকে অংশীজনদের সাথে সমন্বয় সভা

গ্রাম আদালতকে মানুষের আস্থার জায়গা হিসেবে তৈরি করতে হবে

--------চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলায় গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে জনসচেতনতা তৈরি প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনায় স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

৩০ সেপ্টেম্বর (বুধবার) দুপুর ১২টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চাঁদপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক দেবাশীষ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

জেলা প্রশাসক বলেন, গ্রাম আদালতে মানুষ মূলত যায় ঝগড়া-বিবাদ, পারিবারিক বিরোধ মিমাংসা ও এর ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে পুলিশ পরিচয়ে চালককে ফ্ল্যাটে আটকে টাকা আদায়ের অভিযোগ, ৪ নারী আটক

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরে পুলিশ পরিচয়ে এক চালককে একটি ফ্ল্যাটে নিয়ে আটকে মারধর এবং এক নারীর সঙ্গে তার ছবি ও ভিডিও ধারণের পর সেগুলো সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে টাকা আদায়ের অভিযোগ উঠেছে একটি চক্রের বিরুদ্ধে।

এ ঘটনায় ভুক্তভোগী সাইফুল ইসলামকে উদ্ধার করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। ঘটনাস্থল থেকে চার নারীকে আটক করা হয়েছে। এ ঘটনায় চাঁদপুর সদর মডেল থানায় মামলা করেছেন ভুক্তভোগী।

পুলিশের কাছে দায়ের করা এজাহার সূত্রে জানা যায়, গত ২৮ সেপ্টেম্বর বিকেলে শহরের মাজহারুল ইসলাম চক্ষু হাসপাতালের সামনে সাইফুল ইসলাম নামে ওই চালককে পুলিশ পরিচয়ে পথরোধ করেন দুই ব্যক্তি। পরে তাকে পাশের একটি ভবনের দ্বিতীয় তলায় নিয়ে যাওয়া হয়।

এজাহারে অভিযোগ করা হয়েছে, সেখানে সাইফুলকে মারধর করা হয়। এরপর জোরপূর্বক এক নারীর ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে কারেন্ট জালের বিরুদ্ধে অভিযান : ১১ জনের কারাদণ্ড

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের পদ্মা-মেঘনা নদীর নৌ সীমানায় নিষিদ্ধ কারেন্ট জালের বিরুদ্ধে বিশেষ অভিযান চালিয়ে তিনটি নৌকা ও দুই হাজার বর্গমিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করেছে প্রশাসন। এ সময় কারেন্ট জাল ব্যবহারের অভিযোগে ১১ জনকে গ্রেপ্তার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) সকালে বিষয়টি নিশ্চিত করেন চাঁদপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক।

এর আগে মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সন্ধ্যায় চাঁদপুরের পদ্মা-মেঘনা নদীর নৌ সীমানায় এ অভিযান পরিচালনা করা হয়। জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট, সদর নৌ থানা পুলিশ ও সদর ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে আটককৃত ২১ কিশোর।

শাহরাস্তিতে ২১ কিশোর আটক, অভিভাবকদের জিম্মায় মুক্তি

শাহরাস্তি প্রতিনিধি

রাতের বেলায় অকারণে ঘোরাফেরার অভিযোগে চাঁদপুরের শাহরাস্তি থানা এলাকা থেকে ২১ কিশোরকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) রাতে থানা পুলিশের একাধিক টিম বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করে। পরে অভিভাবকদের মুচলেকার ভিত্তিতে তাদের ছেড়ে দেওয়া হয়।

শাহরাস্তি থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের নির্দেশনায় থানার অফিসার ও ফোর্সের সমন্বয়ে এ অভিযান পরিচালিত হয়। থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হলে আটক কিশোররা রাতে বাইরে ঘোরাফেরার কোনো সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেনি। খবর ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি।

চাঁদপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

শহর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি।

তিনি তার বক্তব্যে বলেন, দেশের প্রয়োজনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ওলামা দল গঠন করেছিলেন। ইসলাম প্রচারের শুরু আরব দেশ থেকে। আমাদেরও ইসলামের প্রচার-প্রসার বাড়াতে হবে। ওলামা দল শক্তিশালী হলেই বিএনপি শক্তিশালী হবে। চাঁদপুর জেলা ওলামা দলের আহ্বায়ক মাও. জসিম উদ্দিন পাটওয়ারী সভাপতিত্বে বিশেষ ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় ২৪ পিস ইয়াবাসহ ৪ মাদক কারবারি আটক

কচুয়া প্রতিনিধি

কচুয়া থানা পুলিশের পৃথক তিনটি অভিযানে ২৪ পিস ইয়াবা ট্যাবলেটসহ ৪ জন মাদক কারবারিকে আটক করা হয়েছে। থানার অফিসার ইনচার্জ মো. আজিজুল ইসলামের নির্দেশে ও পরিদর্শক (তদন্ত) মো. রাশেদুল হকের নেতৃত্বে সোমবার (২৯ সেপ্টেম্বর) দিনভর এসব অভিযান পরিচালনা করা হয়।

পুলিশ জানায়, প্রথম অভিযানে এসআই মো. রুহুল আমিন সঙ্গীয় ফোর্সসহ দুপুর ১টা ৪৫ মিনিটে কচুয়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের কড়াইয়া খাজা মসজিদের পেছনে পাকা রাস্তার উপর থেকে মো. তাওসিফ (১৯) কে আটক করে। তার দেহ তল্লাশি করে ৯ পিস ৩-এর পাতায় দেখুন

আমদানি নীতি সংশোধন, নিট কাপড় নিয়ে নিষেধাজ্ঞার ধারা বাদ

নিজস্ব প্রতিবেদক

রপ্তানিমুখী পোশাক ও টেক্সটাইল খাতের কাঁচামাল আমদানির শর্ত সহজ করার পাশাপাশি 'আমদানি নীতি আদেশ ২০২৬-২৯' এ একাধিক সংশোধনী এনেছে সরকার। এগুলোর মধ্যে আমদানি নীতি আদেশে নিট কাপড় আমদানিতে যে নিষেধাজ্ঞার ধারা ছিল, তা বাতিল করা হয়েছে।

বুধবার এসব সংশোধনী এনে নতুন করে হালনাগাদ আদেশ করে বাণিজ্য মন্ত্রণালয়। আমদানি নীতি আদেশের ২৫ অনুচ্ছেদের ১২ উপ অনুচ্ছেদে এমন বিধান ছিল, যেখানে বলা ছিল, 'নিট ফেব্রিক আমদানি যোগ্য হবে না'। এতে রপ্তানিমুখী পোশাকশিল্পের স্বাভাবিক কার্যক্রম ও প্রতিযোগিতা সক্ষমতা বিবেচনায় এ বিধান স্থগিত বা প্রত্যাহারের অনুরোধের দাবি জানায় বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) ও বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ)। এ নিয়ে বাণিজ্যমন্ত্রীকে চিঠি দিয়ে এ ধরনের আমদানির সুযোগ সীমিত হলে রপ্তানিমুখী পোশাকশিল্পের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা প্রকাশ করে বিজিএমইএ। নতুন আদেশে নিষেধাজ্ঞার এ বাক্যটি বাতিল করা হয়। পোশাক খাতের আমদানিতে আরও কিছু বিধানে শিথিলতা আনা হয়েছে। এরমধ্যে মূল আদেশে গ্রে-কাপড় ছাড়া অন্য কাপড় কেবল ১৮.২৯ মিটার বা তার বেশি থানে ৩-এর পাতায় দেখুন

মতলবে নিরাপদ খাদ্য আইনে দু'জনের অর্থদন্ড

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলার ঘোড়াধারী গ্রামের শান্তির বাজারে মির্জা সুইটস অ্যান্ড বেকারি নামের একটি মিষ্টির দোকানে অনিয়মের অভিযোগে দুই আসামিকে মোট ৪ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দুপুরে বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এই আদেশ দেন। এই দিন রাতে এই তথ্য নিশ্চিত করেন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দীন স্বপন। মতলব ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১ অক্টোবর

১৮৫৪ সালে ভারতবর্ষে সরকারিভাবে ডাকটিকিট ব্যবস্থা চালু হয়। ১৯০৯ সালে ভাগলপুরে বেগম রোকেয়া কর্তৃক ভাগলপুর সাখাওয়াৎ মেমোরিয়াল স্কুল প্রতিষ্ঠা করা হয়। ১৯৪৯ সালে গণপ্রজাতন্ত্রী চীন প্রতিষ্ঠা হয়। ১৯৬০ সালে নাইজেরিয়া ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। ১৯৭১ সালে প্রথম ব্যবহারিক সিটি স্ক্যানার রোগী নির্ণয়ে ব্যবহৃত হয়। ১৯৭৮ সালে টুভালু যুক্তরাজ্যের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। ১৯৯৪ সালে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সহায়তায় পালাউ স্বাধীনতা লাভ করে। এইদিন, আন্তর্জাতিক প্রবীণ দিবস, আন্তর্জাতিক কফি দিবস এবং বিশ্ব নিরামিষ দিবস পালিত হয় ।

যমুনায় দুই বছরে সার উৎপাদন মাত্র তিন দিন ১৯ মাস বন্ধ আশুগঞ্জ

সংসদীয় কমিটির বৈঠকে তথ্য

নিজস্ব প্রতিবেদক

গ্যাস সংকটে গত দুই বছরে যমুনা সার কারখানায় মাত্র তিন দিন উৎপাদন হয়েছে। একই কারণে আশুগঞ্জ সার কারখানা ১৯ মাস ধরে উৎপাদন বন্ধ রয়েছে বলে সংসদীয় কমিটিকে তথ্য দিয়েছে শিল্প মন্ত্রণালয়। এমন পরিস্থিতিতে আমদানি নির্ভরতা কমিয়ে দেশে সারের উৎপাদন বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ করেছে জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটি। সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বুধবার সংসদ ভবনে সরকারি প্রতিষ্ঠান কমিটির দ্বিতীয় বৈঠকে এসব বিষয় নিয়ে আলোচনা হয়েছে। কমিটির সভাপতি ও সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনির সভাপতিত্বে বৈঠকে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি) এবং এর আওতাধীন কোম্পানিগুলোর কার্যক্রম পর্যালোচনা করা হয়। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) কার্যক্রমও বৈঠকে আলোচনায় আসে। বিসিআইসি ও বিএডিসির সার উৎপাদন, মজুদ এবং বিতরণ ব্যবস্থাপনা নিয়েও আলোচনা হয়। জামালপুরের তারাকান্দির যমুনা সার কারখানায় ২০২৪ সালের ১৫ জানুয়ারি গ্যাসের সংযোগ বিচ্ছিন্ন হওয়ার পর টানা ২৩ মাস ৯ দিন উৎপাদন বন্ধ ছিল। ২০২৫ সালের ২৩ ডিসেম্বর সেখানে আবার ইউরিয়া উৎপাদন শুরু হয়। কারখানাটি প্রতিদিন ১৭০০ টন দানাদার ইউরিয়া উৎপাদনে সক্ষম। এর সার ১৯ জেলায় সরবরাহ করা হয়। তবে উৎপাদনে ফেরার পরও গ্যাসের ৩-এর পাতায় দেখুন

ছয় মাসে হারিয়েছে লক্ষাধিক বাংলাদেশি পাসপোর্ট, নেপথ্যে চাঞ্চল্যকর তথ্য

নিজস্ব প্রতিবেদক

দেশে ও বিদেশে বাংলাদেশিদের পাসপোর্ট হারানো, চুরি ও নষ্ট হওয়ার ঘটনা আশঙ্কাজনক হারে বাড়ছে। গত ছয় মাসে হারানো পাসপোর্টের জন্য ১ লাখ ৭ হাজার ৩০০টি আবেদন এসেছে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে। অর্থাৎ প্রতি মাসে গড়ে প্রায় ১৭ হাজার ৮৮৫টি এবং প্রতিদিন প্রায় ৬০০টি হারানো পাসপোর্টের আবেদন জমা পড়েছে। অধিদফতর সূত্র বলছে, পাসপোর্ট হারানোর কারণ অনুসন্ধান করতে গিয়ে তিনটি বিষয় সামনে এসেছে। এর মধ্যে রয়েছে বিদেশ যাওয়ার ক্ষেত্রে ভিসা এজেন্সির কাছে পাসপোর্ট জমা দিয়ে তা ফেরত না পাওয়া, বিদেশে গিয়ে কর্মরত এজেন্সির কাছে পাসপোর্ট আটকে থাকা এবং অবৈধ উপায়ে বিদেশে যাওয়ার পর নতুন পাসপোর্টের আবেদন করা। পাসপোর্ট হারানোর আবেদনের সংখ্যা বেড়ে যাওয়ায় অধিদফতরে কাজের চাপও বাড়ছে। নতুন পাসপোর্টের আবেদনের পাশাপাশি এসব পুনঃইস্যুর আবেদন সামলাতে হিমশিম খাচ্ছেন কর্মকর্তারা। একই সঙ্গে সরকারি অর্থেরও অপচয় হচ্ছে ৩-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরো ৬ জনের মৃত্যু, আক্রান্ত ১৯৪৮

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ছয়জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরে ডেঙ্গুতে মোট ২৪৫ জনের মৃত্যু হয়েছে। এছাড়া ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন এক হাজার ৯৪৮ জন। এ নিয়ে এ বছর দেশে হাসপাতালে ভর্তি হয়েছেন মোট ৭৯ হাজার ৬২০ জন।

বুধবার (৩০ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুমের ডেঙ্গুবিষয়ক ড্যাশবোর্ড থেকে এ তথ্য জানা গেছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৩-এর পাতায় দেখুন

বাংলাদেশ প্রতিদিনের চাঁদপুর জেলা প্রতিনিধি ইয়াসিন আরাফাত

দেশের শীর্ষস্থানীয় দৈনিক বাংলাদেশ প্রতিদিনের চাঁদপুর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন মোহাম্মদ ইয়াসিন আরাফাত (চৌধুরী ইয়াসিন ইকরাম)।

বুধবার (৩০ সেপ্টেম্বর ২০২৬) বিকেলে গণমাধ্যমটির কার্যালয়ে পত্রিকার সম্পাদক লোটন একরাম তার হাতে এ নিয়োগ পত্র তুলে দেন। মোহাম্মদ ইয়াসিন আরাফাত ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে মাদক কারবারি গ্রেপ্তার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে পুলিশি অভিযানে ৩০ পিস ইয়াবাসহ মো. রুবেল ওরফে রানা (৩৯) মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দিনগত রাতে উপজেলার সুবিদপুর পশ্চিম ইউনিয়নের টোরা মুন্সিরহাট এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে থানা পুলিশ।

গ্রেপ্তারকৃত মো. রুবেল ওরফে রানা সুবিদপুর পশ্চিম ইউনিয়নের উভারামপুর এলাকার মুন্সী বাড়ীর আনোয়ার উল্যাহর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহর নির্দেশনায় উপপরিদর্শক (এসআই) মো. শফিকুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ টোরা মুন্সিরহাট এলাকায় বিশেষ মাদকবিরোধী অভিযান পরিচালনা ৩-এর পাতায় দেখুন

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
বৃহস্পতিবার ১ অক্টোবর ২০২৬, ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১৮ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
01974-924300

কচুয়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ৯ বসতঘর পুড়ে ছাই

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলায় ভয়াবহ অগ্নিকাণ্ডে তিন পরিবারের নয়টি বসতঘর সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। এতে প্রায় ২০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে ক্ষতিগ্রস্ত পরিবারগুলো জানিয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) মধ্যরাতে উপজেলার কড়ইয়া ইউনিয়নের ডুমুরিয়া গ্রামের জাহাজী বাড়িতে এ দুর্ঘটনা ঘটে। প্রাথমিক ধারণা করা হচ্ছে, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত হয়েছে।

ক্ষতিগ্রস্ত পরিবারগুলো হলেন, ডুমুরিয়া গ্রামের জাহাজী বাড়ির মকবুল হোসেন, কামাল হোসেন ও নুরে আলম।

স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার রাতে হঠাৎ করেই একটি ঘরে আগুনের শিখা দেখতে পান স্থানীয়রা। মুহূর্তের মধ্যে সেই আগুন আশপাশের ঘরগুলোতে চারদিকে ছড়িয়ে পড়ে। পরে স্থানীয়রা এগিয়ে এসে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালান। কিন্তু আগুনের তীব্রতা বেশি থাকায় দ্রুত নয়টি বসতঘর ও ঘরের ভেতরে থাকা সব আসবাবপত্র, প্রয়োজনীয় কাগজপত্র, স্বর্ণালংকার এবং নগদ টাকা পুড়ে ছাই হয়ে যায়।

এদিকে ভয়াবহ এই অগ্নিকাণ্ডের খবর পেয়ে তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শন করেন, কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায়, কচুয়া প্রেস ক্লাবের সভাপতি আতাউল করিম এবং কড়ইয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম সওদাগর। এ সময় তারা ক্ষতিগ্রস্ত ● ২-এর পাতায় দেখুন

গ্রাম থেকে পাবলিক বিশ্ববিদ্যালয়-মেডিকেলে চান্স

আস্থা অর্জনে ৬ শতাধিক শিক্ষার্থীর ফরিদগঞ্জ গৃদকালিন্দিয়া কলেজে ভর্তি

ফরিদগঞ্জ প্রতিনিধি

মাধ্যমিকের গণ্ডি পেরিয়ে রাজধানী বা জেলা শহরের কলেজগুলোতে ভর্তির জন্য তুমুল প্রতিযোগিতা যেখানে সাধারণ নিয়ম, সেখানে উল্টো চিত্র দেখা যাচ্ছে ফরিদগঞ্জ উপজেলার সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজে। শহরের ভালো কলেজের মোহ ছেড়ে শুধু মানসম্মত শিক্ষা ও শৃঙ্খলা এবং উচ্চ শিক্ষায় ভর্তি পরীক্ষার ঈর্ষণীয় ফলাফলের টানে গ্রাম ও উপজেলার এই কলেজে আস্থা রাখছেন শিক্ষার্থী ও অভিভাবকরা।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে চাঁদপুরসহ দেশের বিভিন্ন প্রান্তের ৭৫টি মাধ্যমিক ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভর্তি হয়েছেন ৬ শতাধিক শিক্ষার্থী, যাদের মধ্যে ৩৯ জনই জিপিএ-৫ প্রাপ্ত।

কলেজ প্রশাসন সূত্রে জানা যায়, কুমিল্লা বোর্ডে এ বছর সামগ্রিক পাসের হার কম থাকা সত্ত্বেও গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের শিক্ষার পরিবেশ ও ধারাবাহিক ফলাফলে ভরসা রেখেছেন শিক্ষার্থীরা। কেবল চাঁদপুর সদর, ফরিদগঞ্জ ও হাইমচর নয়; ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর সদর উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় সভাপতির বক্তব্য রাখছেন চাঁদপুর সদর উপজেলা নির্বাহী অফিসার এসএমএন জামিউল হিকমা।

চাঁদপুর সদর উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা

প্রতিটি পূজামন্ডপ সিসি ক্যামেরার আওতায় আনা হবে

--------সদর ইউএনও এসএমএন জামিউল হিকমা

শহর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ৩০ সেপ্টেম্বর (বুধবার) সকাল ১০ টায় চাঁদপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর সদর উপজেলা নির্বাহী অফিসার এসএমএন জামিউল হিকমা। তিনি তার বক্তব্যে বলেন, আগামী ৮ অক্টোবর থেকে ২২দিন মা ইলিশ ধরা বন্ধ থাকবে এবং এ সময় বিশেষ অভিযান পরিচালনা করা হবে। ইলিশের প্রজনন মৌসুমকে সামনে রেখে কোস্টগার্ডের কার্যক্রম গ্রহণ করতে হবে? নৌ-পুলিশ, কোষ্টগার্ড, মৎস্য বিভাগ সমন্বয় করে কাজ করবেন। নৌ পুলিশ, কোস্টগার্ড এবং মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ভালোভাবে মনিটরিং করবেন। তিনি দূর্গাপূজার বিষয়ে বলেন, সামনে দূর্গাপূজা আসছে, পূজা উদযাপন উপলক্ষে বিশেষ করে পুলিশের আইনশৃঙ্খলা রক্ষায় ব্যাপক ভূমিকা রয়েছে। তারা যেন এ বিষয়ে আরও সচেতন থাকেন। দূর্গাপূজায় অপ্রীতিকর ঘটনা আপনাদের নজরে আসলে আমাদের জানাবেন, আমরা ব্যবস্থা গ্রহন করবো আসন্ন দূর্গাপূজাকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা ব্যবস্থা জোরদার করতে হবে। আমরা ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে আইনশৃঙ্খলা কমিটির সভায় সভাপতিত্ব করেন ইউএনও মনিরা খাতুন।

শাহরাস্তিতে আইনশৃঙ্খলা কমিটির সভা

আইনশৃঙ্খলা রক্ষা পুলিশের একার দায়িত্ব নয়

--------ইউএনও মনিরা খাতুন

শাহরাস্তি প্রতিনিধি

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন পরিবেশ নিশ্চিত করতে শাহরাস্তিতে উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা ও মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে পৃথকভাবে এ দুটি সভা হয়।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মনিরা খাতুনের সভাপতিত্বে সভায় উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, দুর্গাপূজার নিরাপত্তা ব্যবস্থা, মাদক, কিশোর অপরাধ, ইভটিজিং, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, বিদ্যুৎ ও জনসেবাসহ গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভাপতির বক্তব্যে ইউএনও মনিরা ● ২-এর পাতায় দেখুন

জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ গুণী শিক্ষক (মাদ্রাসা) মাও. মোশাররফ হোসাইন

জাতীয় পর্যায়ে 'শ্রেষ্ঠ গুণী শিক্ষক (মাদ্রাসা)' নির্বাচিত হয়েছেন চাঁদপুরের ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস মাও. মো. মোশাররফ হোসাইন। শিক্ষাক্ষেত্রে তাঁর দীর্ঘদিনের নিষ্ঠা, দক্ষতা, গবেষণা ও বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে এ সম্মাননা অর্জন করেছেন তিনি। মুহাদ্দিস মাও. মো. মোশাররফ হোসাইন দীর্ঘদিন ধরে

দ্বীনি ও আধুনিক শিক্ষার সমন্বয়ে শিক্ষার্থীদের পাঠদান করে আসছেন। সহজ-সাবলীল পদ্ধতিতে পাঠদান, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের প্রতি বিশেষ যত্ন, নৈতিকতা, দেশপ্রেম ও সামাজিক দায়িত্ববোধ সৃষ্টির পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন ও ডিজিটাল শিক্ষার প্রসারে তাঁর ভূমিকা রয়েছে। তিনি ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় বিএনপি নেতাদের বিরুদ্ধে মামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

কচুয়া প্রতিনিধি

কচুয়া বাজারের ইসলামীয়া হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে কেন্দ্র করে বিএনপির কয়েকজন নেতার বিরুদ্ধে দায়ের করা মামলা ও গ্রেপ্তারি পরোয়ানার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে কচুয়া পৌরসভা বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেল ৩টায় কচুয়া বিএনপির প্রধান কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কচুয়া পৌরসভা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সেলিম পাটোয়ারী। এ সময় পৌর বিএনপির সভাপতি বিল্লাল হোসেন মজুমদারসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। লিখিত বক্তব্যে নেতারা দাবি করেন, কচুয়া ইসলামীয়া হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে কেন্দ্র করে পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক গাজী গোলাম মোস্তফা, পৌর যুবদলের সভাপতি শফিকুল ইসলাম, পৌর বিএনপির নেতা ও কচুয়া বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ৩০ প্রান্তিক পেশাজীবীকে প্রশিক্ষণ ও অনুদানের চেক প্রদান।

চাঁদপুর মডেল থানার ওসিকে ফুলেল শুভেচ্ছা চৌধুরী ঘাট ব্যবসায়ী সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দের

শহর প্রতিনিধি

চাঁদপুর সদর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফয়েজ আহমেদকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন চাঁদপুর শহরের ১০নং চৌধুরী ঘাট ব্যবসায়ী সমিতির নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দ। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) রাত ৯টায় নবনির্বাচিত সভাপতি মো. সেলিম হাওলাদার ও সাধারণ সম্পাদক মো. হারুন হাওলাদারের নেতৃত্বে ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ চাঁদপুর সদর মডেল থানায় গিয়ে ওসি ফয়েজ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর মডেল থানার ওসিকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন চৌধুরী ঘাট ব্যবসায়ী সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দ।

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাইমচরে মিছিল।

হাইমচরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

হাইমচর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাইমচরে বিশাল মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) সকাল ১০টা ৩০ মিনিটে হাইমচর উপজেলা ওলামা দলের উদ্যোগে উপজেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য দেন হাইমচর উপজেলা বিএনপির সভাপতি মোহাম্মদ আমানউল্লাহ বেপারী ও সাধারণ সম্পাদক মোহাম্মদ মাজহারুল ইসলাম শফিক। এ সময় উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ৩০ প্রান্তিক পেশাজীবীকে প্রশিক্ষণ ও অনুদানের চেক প্রদান

মতলব উত্তর প্রতিনিধি

গ্রামবাংলার প্রথাগত ও ঐতিহ্যবাহী পেশাজীবীদের জীবনযাত্রার মান উন্নয়ন, উৎপাদিত পণ্যের আধুনিকায়ন এবং তাঁদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার উদ্দেশ্যে চাঁদপুরের মতলব উত্তরে সম্পন্ন হয়েছে ১০ দিনব্যাপী বিশেষ পেশাভিত্তিক 'সফটস্কিল' প্রশিক্ষণ। সমাজসেবা অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রান্তিক পেশাজীবী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (২য় ফেইজ পর্যায়) প্রকল্পের আওতায় মতলব উত্তর উপজেলা সমাজসেবা কার্যালয় এ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। গত ১৬ সেপ্টেম্বরে শুরুহয়ে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত উপজেলা পরিষদ মিলনায়তনে এ নিবিড় কর্মশালা অনুষ্ঠিত হয়।

বুধবার (৩০ সেপ্টেম্বর) উপজেলা পরিষদের সভাকক্ষে প্রশিক্ষণ সমাপনী ও অনুদানের চেক বিতরণ ● ২-এর পাতায় দেখুন

ফুলেল শুভেচ্ছায় অশ্রুসিক্ত বিদায়, স্মৃতির পাতায় প্রধান শিক্ষক শাহাবুদ্দিন

স্টাফ রিপোর্টার

দীর্ঘ শিক্ষকতা জীবনের ইতি টেনে অবসরে গেলেন চাঁদপুর পৌরসভার ৩নং বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী। প্রিয় শিক্ষকের বিদায়ে আবেগঘন হয়ে ওঠে বিদ্যালয় প্রাঙ্গণ। ফুলেল ভালোবাসা আর স্মৃতিচারণে উৎসবমুখর পরিবেশে তাঁকে দেয়া হয়েছে বিদায়ী সংবর্ধনা। বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেলে বিদ্যালয় মাঠে ম্যানেজিং

দীর্ঘ শিক্ষকতা জীবনের ইতি টেনে অবসরে গেলেন চাঁদপুর পৌরসভার ৩নং বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী।

কমিটি, শিক্ষক ও শিক্ষার্থীদের আয়োজনে অনুষ্ঠিত হয় এ বিদায়ী সংবর্ধনা। অনুষ্ঠানে সহকর্মী ও শিক্ষার্থীরা তাঁর দীর্ঘ কর্মজীবনের বিভিন্ন স্মৃতি তুলে ধরেন। এ সময় অনেকের চোখে-মুখে ছিল আবেগ ও প্রিয় শিক্ষককে হারানোর বেদনা। দীর্ঘ কর্মজীবনে মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে শিক্ষকতা করেছেন। এর আগে তিনি হাসান আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা ● ২-এর পাতায় দেখুন

বাগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অশ্রুসিক্ত বিদায়

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার বাগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মাহবুব আলম চৌধুরীকে অবসরজনিত বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, এলাকাবাসী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

তিন ঘণ্টার বেশি সময় ধরে চলা অনুষ্ঠানে ছিল প্রীতিভোজ, আলোচনা, সম্মাননা ও স্মারক প্রদান। মধ্যাহ্নভোজ শেষে ব্যান্ড পার্টির বাদ্যযন্ত্রের তালে ফুলের মালা দিয়ে বরণ করে বিদায়ী প্রধান শিক্ষককে অনুষ্ঠানের মঞ্চে নিয়ে আসা হয়।

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি পীরে কামেল আলহাজ হযরত মাওলানা এ কে এম নেয়ামত উল্যাহ খানের সভাপতিত্বে ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর সদর উপজেলার বাগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মাহবুব আলম চৌধুরীকে অবসরজনিত বিদায় সংবর্ধনা।

সভাপতি এড. ফয়সাল, সম্পাদক শওকত কারী

শাহমাহমুদপুরে "শাহাতলী এক্সপ্রেস ক্লাব" এর কার্যনির্বাহী কমিটি প্রকাশ

সদর প্রতিনিধি

৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের শাহাতলী এলাকায় খেলাধুলার প্রসার, তরুণদের সামাজিক ও মানবিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা এবং সুস্থ্য বিনোদনের পরিবেশ তৈরির লক্ষ্য নিয়ে "শাহাতলী এক্সপ্রেস ক্লাব" এর কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়েছে। ২৯ সেপ্টেম্বর মঙ্গলবার এ কমিটি ঘোষণা করা হয়। উক্ত কমিটির প্রতিষ্ঠাতা মিসেস আনার কলি। নবগঠিত কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন এডভোকেট আশরাফুল জিলানী ফয়সাল। সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন মোঃ শওকত কারী। এছাড়া সিনিয়র সহ-সভাপতি হিসেবে মোশারফ ● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
BMDC Reg No: A-71474
সহকারী অধ্যাপক ডাঃ সাইফুল ইসলাম খাঁন
ডাঃ মোঃ মিজানুর রহমান
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
সহকারী অধ্যাপক ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No: A-73684
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর শহরের আদালত পাড়ায় "এম এম কে স্বর্ণ মৌলিক নিবাস" কাজের উদ্বোধন

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের প্রাণকেন্দ্র আদালত পাড়ায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে "এম এম কে স্বর্ণ মৌলিক নিবাস"। কাজটি পরিচালনা করছেন এম এম কে দুবাই ডেভেলপারস। বুধবার (৩০ সেপ্টেম্বর) সকাল ১১টায় এ উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় ব্যবসায়ী, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ, গণ্যমান্য ব্যক্তি এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর পৌর বিএনপি'র সভাপতি আক্তার হোসেন মাঝি।

এম এম কে দুবাই ডেভেলপারস লিমিটেড এর ভারপ্রাপ্ত এম ডি মাইনুল ইসলাম পাটোয়ারীর সভাপতিত্বে ও ডিজিএম শহিদুল ইসলামের পরিচালনায় বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি ডি এম শাহজাহান, চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব জয়নাল আবেদীন জনু, চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, চাঁদপুর নতুন বাজার পুলিশ ফাঁড়ির ইনচার্জ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারী অধ্যাপক ডাঃ মুহাম্মদ আসিফ ইকবাল
ডা. আয়েশা আফরোজ (লুনা)
ডা. ওমর ফারুক (সবুজ)
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
ডা. মোঃ নাজমুল হাসান
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
ডা. নুর হোসাইন বান্না
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
সার্জারী বিশেষজ্ঞ
আমাদের সেবা সমূহ
এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বৃহস্পতিবার ॥ ১ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

সাইবার সুরক্ষা আইন মতপ্রকাশের স্বাধীনতা সংকুচিত করা যাবে না

সাইবার অপরাধ মোকাবিলা এবং অনলাইন পরিসরে নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর আইনের প্রয়োজন অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু সেই আইনের ভাষা যদি অস্পষ্ট হয়, অপরাধের সংজ্ঞা যদি সুনির্দিষ্ট না থাকে এবং আইন প্রয়োগকারী সংস্থাকে মাত্রাতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়, তাহলে সেই আইন মানুষের অধিকার ও স্বাধীনতার জন্য বড় হুমকি হয়ে উঠতে পারে। প্রস্তাবিত সাইবার সুরক্ষা আইনের সংশোধনী নিয়ে গণমাধ্যমসংশ্লিষ্ট ব্যক্তিদের উদ্বেগকে তাই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। বাংলাদেশে ডিজিটাল পরিসরসংক্রান্ত আইন নিয়ে অতীত অভিজ্ঞতা সুখকর নয়। ডিজিটাল নিরাপত্তা আইন এবং পরবর্তী সাইবার নিরাপত্তা আইনের বিভিন্ন ধারা সাংবাদিক, লেখক, গবেষক, মানবাধিকারকর্মী ও সাধারণ নাগরিকের বিরুদ্ধে ব্যবহৃত হয়েছে। মামলার ভয়, গ্রেপ্তার এবং দীর্ঘ আইনি প্রক্রিয়া মতপ্রকাশের ক্ষেত্রে একধরনের ভীতিকর পরিবেশ তৈরি করেছিল। আইন পরিবর্তনের পরও সেই অভিজ্ঞতা ও আশঙ্কা পুরোপুরি দূর হয়নি। এখন নতুন সংশোধনীর মধ্য দিয়ে আগের বিতর্কিত বিধান কোনোভাবে ফিরে এলে তা হবে অত্যন্ত উদ্বেগজনক। সরকার বলছে, গণমাধ্যমকে লক্ষ্য করে আইনটি করা হচ্ছে না এবং কোনো সাংবাদিক এর অপপ্রয়োগের শিকার হোন, সেটিও তারা চায় না। এ বক্তব্য ইতিবাচক হলেও শুধু সদিচ্ছার আশ্বাস যথেষ্ট নয়।

কচুয়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডে

পরিবারের সদস্যদের খোঁজখবর নেন, সমবেদনা জানান এবং সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার পাশাপাশি তাদের পাশে থাকার আশ্বাস দেন। হঠাৎ ঘটে যাওয়া এই সর্বগ্রাসী আগুনে মাথা গোঁজার ঠাঁই ও সম্বল হারিয়ে চরম দুর্ভোগে পড়েছেন ক্ষতিগ্রস্ত তিন পরিবার। দ্রুত পুনর্বাসনের জন্য তারা সরকারি ও বিত্তবানদের সহায়তা কামনা করেছেন।

আস্থা অর্জনে ৬ শতাধিক

পার্শ্ববর্তী লক্ষ্মীপুর সদর, রায়পুর, রামগঞ্জ উপজেলা এমনকি ঢাকা, সিলেট, বরিশাল ও মাদ্রাসা বোর্ডের শিক্ষার্থীরাও ভর্তি হয়েছেন এ প্রতিষ্ঠানে।
কলেজটিতে এবার একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া শিক্ষার্থী তাসনিম ইসলাম বলেন, "রাজধানী বা জেলা শহরের কলেজগুলো যেভাবে শিক্ষার পরিবেশ নিশ্চিত করে শিক্ষার্থীদের বুনিয়াদ গড়ে দেয়, এই কলেজটি গ্রাম ও উপজেলা পর্যায়ে থেকেও ঠিক একই মানের শিক্ষা নিশ্চিত করছে। অতীতের রেজাল্টই তার বড় প্রমাণ। তাই শহরের নামীদামি কলেজে না গিয়ে আমি নিজের এলাকাতেই উচ্চমাধ্যমিকের পড়াশোনার জন্য এই কলেজকে বেছে নিয়েছি।"
কলেজ প্রশাসনের তথ্য মতে, শুধু ২০২৫ সালের উচ্চ শিক্ষার ভর্তি পরীক্ষায় এ কলেজ থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৮ জন, বিভিন্ন সরকারি মেডিকেল কলেজে ৭ জন এবং দেশের শীর্ষ স্থানীয় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে মোট ৪২ জন শিক্ষার্থী ভর্তি হওয়ার সুযোগ পেয়েছেন।
এর মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিটে ১ম স্থান অর্জন করেন সানজিদা ইসলাম এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিটে ২য় স্থান অর্জন করেন খালেদা আক্তার। সাম্প্রতিক সময়ে গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের প্রাক্তন শিক্ষার্থী মো. মহিউদ্দিন রুমান বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের (বিজেএস) ২০২৫ সালের পরীক্ষায় জাতীয় মেধায় ষষ্ঠ স্থান অর্জন করে সিভিল জজ পদে সুপারিশপ্রাপ্ত হয়েছেন।
কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মফিজুল ইসলাম ভূঁইয়া জানান, "শিক্ষার গুণগত মান, সুদৃঢ় শৃঙ্খলা ও বস্তুনিষ্ঠ ফলাফলের বিচারে ৭৫টি স্কুল ও মাদ্রাসার শিক্ষক-অভিভাবকরা আমাদের ওপর আস্থার স্বাক্ষর রেখেছেন। অভিভাবকদের সেই আস্থার মর্যাদা রক্ষা করাই আমাদের মূল লক্ষ্য। কেবল উচ্চমাধ্যমিকে ভালো ফলাফলই নয়, শিক্ষার্থীরা যেন এইচএসসি পাসের পর মেডিকেল, বুয়েট ও দেশের সেরা পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে চান্স পায়, সে জন্য একাদশ বর্ষের শুরু থেকেই তাদের বিশেষ প্রস্তুতিমূলক ক্লাস ও নিয়মিত পরীক্ষার ব্যবস্থা করা হয়।"
কলেজের ভর্তি কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক সঞ্জয় ভৌমিক জানান, দেশের বিভিন্ন বোর্ড ও এলাকা থেকে আসা শিক্ষার্থীদের মেধাবিকাশে কলেজ পরিচালনা পর্ষদ ও শিক্ষকবৃন্দ সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে কাজ করে যাচ্ছেন। গ্রাম ও প্রান্তিক এলাকা থেকেও যে জাতীয় পর্যায়ে সেরা সাফল্য অর্জন করা সম্ভব, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ প্রতিনিয়ত তা প্রমাণ করে চলেছে।

প্রতিটি পূজামন্ডপ সিসি

সকলের অবস্থান থেকে দূর্গাপূজায় যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে নজর রাখতে হবে। চাঁদপুর সদরে ৪১টি পূজা মন্ডপ আছে। প্রতিটি পূজামন্ডপ সিসি ক্যামেরার আওতায় আনা হবে? দূর্গাপূজা উপলক্ষে কোন ধরনের অপ্রীতিকর ঘটনার মেসেজ পেলে আমাদের ও আইনশৃঙ্খলা বাহিনীকে জানাবেন? রাত ১১টার পর যাতে মাইকিং না হয়, তার জন্য পূজা উদযাপন কমিটির সাথে কথা বলে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে?
কিশোর গ্যাং ও মাদকের বিষয়ে তিনি বলেন, কিশোর গ্যাং, মাদকের উৎপাত যাতে বৃদ্ধি না পায়, তাই আইনশৃঙ্খলা বাহিনী সহ সবাইকে এলার্ট থাকতে হবে। আমরা পর্যবেক্ষন করে দেখেছি যারা মাদক বিক্রেতা, তারাই মাদকসেবনকারী। মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান আরো জোরদার করা হবে। উপজেলার সকল মসজিদে মাদকের কুফল সম্পর্কে প্রচারের জন্য ব্যবস্থা নেয়া হবে। মাদক, চোরাচালানসহ সার্বিক বিষয়ে আরও দৃষ্টি রাখতে হবে।
তিনি বলেন, সাধারণ মানুষের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন সর্বোচ্চ সতর্কতা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার সঙ্গে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে এবং যেকোনো অপরাধ দমনে দ্রুত পদক্ষেপ নেয়া হবে। চাঁদপুর প্রেস ক্লাব নেতৃবৃন্দ প্রশাসনের কাজে আন্তরিকভাবে কাজ করছেন। প্রেস ক্লাব নেতৃবৃন্দ ও সাংবাদিকদের প্রশাসন সম্মানের দৃষ্টিতে মূল্যায়ন করতে হবে।
সভায় বক্তব্য রাখেন, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর সদর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল হাসান ফয়সাল, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, সদর নৌ থানা পুলিশ ইনচার্জ মোঃ আজমগীর হোসেন, সদর মডেল থানার সেকেন্ড অফিসার মো: ফেরদৌস হোসেন।
এসময় সভায় অংশগ্রহণ করেন ও বক্তব্য রাখেন সদর উপজেলা সহকারি মৎস অফিসার মিজানুর রহমান, উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সদস্য অ্যাড. শিরিন আক্তার সুপ্তা, কোস্টগার্ড কর্মকর্তা, ক্রীড়া কমিটির সদস্য আক্তার হোসেন সাগর, সদর উপজেলা প্রকৌশলী মোঃ রাহাত আমিন পাটওয়ারী, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাকির হোসেন,বাগাদী আহম্মদিয়া ফাযিল মাদরাসার অধ্যক্ষ আবু আব্দুল্লাহ মোঃ খান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ আফতাবুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার তপন রায়, উপজেলা সমাজসেবা অফিসার মাহাবুব আলমসহ কমিটির সদস্যবৃন্দ।

কচুয়ায় বিএনপি নেতাদের

তরিকুল ইসলাম এবং পৌর ছাত্রদলের সভাপতি শরিফুল ইসলাম জাহিদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা করা হয়েছে। একই ঘটনায় চারজনের বিরুদ্ধে আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে বলে বিভিন্ন সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। বিএনপি নেতারা মামলাটিকে মিথ্যা ও হয়রানিমূলক দাবি করে তা প্রত্যাহারের আহ্বান জানান। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন সংবাদমাধ্যমে তাদের বিরুদ্ধে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচার চালানো হচ্ছে বলেও অভিযোগ করেন তারা।
তারা বলেন, কোনো ঘটনা নিয়ে সংবাদ প্রকাশের ক্ষেত্রে সংশ্লিষ্ট সব পক্ষের বক্তব্য যাচাই করে বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষভাবে সংবাদ পরিবেশন করা প্রয়োজন। প্রকাশিত সংবাদগুলো পুনরায় যাচাই করে প্রকৃত তথ্য তুলে ধরার জন্য সংশ্লিষ্ট সংবাদমাধ্যমগুলোর প্রতি আহ্বান জানান তারা।
তবে মামলার বাদীপক্ষের অভিযোগ অনুযায়ী, কচুয়া বাজারের ইসলামীয়া হাসপাতালে হামলা, মারধর, ভাঙচুর, নগদ টাকা নিয়ে যাওয়া ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে আদালতে নালিশি মামলা করা হয়েছে। আদালত সাক্ষীদের জবানবন্দি ও জখমের সনদসহ নথিপত্র পর্যালোচনা করে চার আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।
সংবাদ সম্মেলনে বিএনপি নেতারা জানান, পৌর বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে কোনো মিথ্যা, হয়রানিমূলক বা উদ্দেশ্যপ্রণোদিত মামলা ও অপপ্রচার চালানো হলে সাংগঠনিকভাবে তার প্রতিবাদ জানানো হবে।

জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ গুণী শিক্ষক

চাঁদপুর জেলা প্রশাসকের বাসভবন সংলগ্ন ও চাঁদপুর সদর হাসপাতালের বিপরীতে অবস্থিত কালেক্টরেট জামে মসজিদের খতীব হিসেবেও দায়িত্ব পালন করছেন। পাশাপাশি তিনি ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস হিসেবে শিক্ষা কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।
শিক্ষা ও প্রশিক্ষণের পাশাপাশি গবেষণাতেও তাঁর রয়েছে উল্লেখযোগ্য সাফল্য। তিনি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুরের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের একজন মাস্টার ট্রেইনার।
শিক্ষাজীবনে তিনি ছারছীনা দারুচ্ছুন্নাত কামিল মাদ্রাসা থেকে কামিল (হাদিস) প্রথম শ্রেণি, চাঁদপুর সরকারি কলেজ থেকে বিএ ও এমএ প্রথম শ্রেণি এবং দারুল উলূম ঢাকা থেকে ইফতা বিষয়ে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. নজিবুর রহমানের তত্ত্বাবধানে ২০২২ সালে তিনি এমফিল ডিগ্রি অর্জন করেন।
বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের অধ্যাপক ড. মুহা. বিলাল হুসাইনের তত্ত্বাবধানে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে পিএইচডি কোর্সে অধ্যয়নরত রয়েছেন। তাঁর গবেষণার বিষয় 'আব্বাসীয় যুগে আরবি অভিধান চর্চা ও বিকাশ'।
জাতীয় পর্যায়ে 'শ্রেষ্ঠ গুণী শিক্ষক (মাদ্রাসা)' নির্বাচিত হওয়ায় ফরিদগঞ্জের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষানুরাগীদের মধ্যে আনন্দ ও গর্বের সৃষ্টি হয়েছে। তাঁর এ অর্জন শিক্ষা ক্ষেত্রে নিষ্ঠা, মেধা ও গবেষণার প্রতি নতুন প্রজন্মের শিক্ষকদের আরও উৎসাহিত করবে বলে প্রত্যাশা সংশ্লিষ্টদের।
মাও. মো. মোশাররফ হোসাইনের এ গৌরবময় অর্জনে তাঁকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন শিক্ষক, শিক্ষার্থী ও শুভাকাঙ্ক্ষীরা। তাঁর সুস্বাস্থ্য, দীর্ঘ কর্মময় জীবন এবং শিক্ষা ও গবেষণায় আরও সাফল্য কামনা করা হয়েছে।

আইনশৃঙ্খলা রক্ষা পুলিশের

খাতুন বলেন, দুর্গাপূজা বাঙালির সম্প্রীতির উৎসব। এ উৎসব যাতে সবার অংশগ্রহণে আনন্দঘন ও শান্তিপূর্ণ পরিবেশে উদযাপিত হয়, তা নিশ্চিত করা প্রশাসনের পাশাপাশি সবার দায়িত্ব। পূজামণ্ডপগুলোতে পর্যাপ্ত নিরাপত্তা, আলোকসজ্জা ও স্বেচ্ছাসেবক মোতায়েন এবং পূজা কমিটির সঙ্গে প্রশাসনের নিয়মিত যোগাযোগ রাখার আহ্বান জানান তিনি। গুজব বা উসকানিমূলক প্রচারণায় কান না দিয়ে কোনো অপ্রীতিকর ঘটনার তথ্য পেলে দ্রুত প্রশাসনকে জানাতে সবাইকে অনুরোধ করেন।
তিনি বলেন, আইনশৃঙ্খলা রক্ষা শুধু পুলিশের একার দায়িত্ব নয়; এটি প্রতিটি নাগরিকের সম্মিলিত দায়িত্ব। প্রশাসন, পুলিশ, জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিক, অভিভাবক ও সাধারণ মানুষের সমন্বিত উদ্যোগ ছাড়া নিরাপদ সমাজ গড়ে তোলা সম্ভব নয়। মাদক ও সামাজিক অপরাধ প্রতিরোধে আহ্বান মাদক, কিশোর অপরাধ, ইভটিজিং ও সামাজিক অবক্ষয় রোধে পরিবারকে আরও সচেতন হতে এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে কার্যকর ভূমিকা রাখতে আহ্বান জানান ইউএনও। তরুণ প্রজন্মকে মাদক থেকে দূরে রাখতে খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও শিক্ষামূলক কার্যক্রম বাড়ানোর ওপর জোর দেন তিনি।
মাদক, বাল্যবিবাহ, ইভটিজিংসহ যেকোনো অপরাধের তথ্য গোপন না রেখে দ্রুত প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে জানানোর অনুরোধ করেন। জনগণ ও প্রশাসনের মধ্যকার দূরত্ব কমিয়ে পারস্পরিক আস্থা ও সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, শাহরাস্তির শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে প্রশাসন নিয়মিত নজরদারি ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা অব্যাহত রাখবে।
সভায় উপস্থিত বক্তারা উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন এবং মাদক ও সামাজিক অপরাধ প্রতিরোধে প্রশাসন ও পুলিশের চলমান কার্যক্রমের প্রশংসা করেন।

চাঁদপুর মডেল থানার ওসিকে ফুলেল

আহমেদকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।
শুভেচ্ছা বিনিময়কালে ওসি ফয়েজ আহমেদ নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দকে অভিনন্দন জানিয়ে বলেন, ব্যবসায়ী ও পুলিশের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় থাকলে এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও সুন্দর রাখা সম্ভব। ব্যবসায়ীদের যেকোনো যৌক্তিক বিষয়ে পুলিশ সহযোগিতা করবে। একই সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষায় ব্যবসায়ী নেতৃবৃন্দেরও সহযোগিতা প্রয়োজন।
ফুলেল শুভেচ্ছা ও মতবিনিময়কালে উপস্থিত ছিলেন ১০নং চৌধুরী ঘাট ব্যবসায়ী সমিতির নবনির্বাচিত কমিটির সিনিয়র সহ-সভাপতি মো. মাসুদ বেপারী, সহ-সভাপতি উত্তম কুমার ঘোষ, সিনিয়র যুগ্ম সম্পাদক মো. নুরু কাজী, যুগ্ম সম্পাদক মমিন মিয়া, সাংগঠনিক সম্পাদক মো. ফরিদ গাজী, কোষাধ্যক্ষ মো. মানিক ঢালী, দপ্তর সম্পাদক মো. ফারুক, প্রচার সম্পাদক মো. বেলায়েত খান এবং কার্যনির্বাহী সদস্য আরিফ, মো. সাইদ শেখ ও ফয়সাল মিজি।
এসময় নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দ চৌধুরী ঘাট এলাকার ব্যবসায়ী ও সাধারণ মানুষের নিরাপত্তা, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং ব্যবসাবান্ধব পরিবেশ বজায় রাখতে পুলিশ-ব্যবসায়ী পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

শাহমাহমুদপুরে "শাহাতলী এক্সপ্রেস

তপদার, সহ-সভাপতি হিসেবে মামুন খান, ফজলে এলাহি রুমন ও রাশেদ গাজী, যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে ফরহাদ খান, সজিব কারী, সাংগঠনিক সম্পাদক ফরহাদ মিজি, শাহাদাত হোসেন সৈকত, কোষাধ্যক্ষ হিসেবে কামরুল কারী, প্রচার সম্পাদক হিসেবে জাহিদ খান এবং দপ্তর সম্পাদক হিসেবে রাজু তপদার দায়িত্ব পেয়েছেন। এছাড়াও কার্যনির্বাহী সদস্য হিসেবে ফিরোজ মিজি, হাবিব কারি, রাজু কারী, শফিক চৌধুরী, জুয়েল কারি, সাগর রনি, মিথুন মিজি ও শাকিল খান মনোনীত হয়েছেন।

বাগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ মোছাদ্দেক হোসেন।
অনুষ্ঠানে সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নাজমা বেগম, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সেলিনা বেগম ও মো. আবু সায়েদ চৌধুরী, ইউআরসি ইন্সট্রাক্টর রাশিদা আক্তার রোজী, প্রধান শিক্ষক দেওয়ান জাহাঙ্গীর হোসেন, মাকছুদা আক্তার, শাহাজাহান সিদ্দিকী ও কামরুল হাসানসহ শিক্ষা বিভাগের কর্মকর্তা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।
এ ছাড়া স্থানীয় বিশিষ্ট ব্যক্তি ও জনপ্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। স্থানীয় ও জাতীয় গণমাধ্যমের সাংবাদিকেরাও অনুষ্ঠানে সংবাদ সংগ্রহ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালয়ের শিক্ষিকা আমেনা আক্তার ও ফহমুনেছা আক্তার।
বিদায় সংবর্ধনায় বাগাদী এলাকাবাসী, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, পরিচালনা কমিটি এবং বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের পক্ষ থেকে মো. মাহবুব আলম চৌধুরীকে ক্রেস্ট, সম্মাননাপত্র ও বিভিন্ন উপহার দেয়া হয়।
অনুষ্ঠানের শেষ দিকে তৈরি হয় আবেগঘন পরিবেশ। দীর্ঘ শিক্ষকতা জীবনে কোনো ভুলত্রুটি হয়ে থাকলে সহকর্মী, শিক্ষার্থী ও এলাকাবাসীর কাছে ক্ষমা চান বিদায়ী প্রধান শিক্ষক। এ সময় উপস্থিত শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসীও তাঁর প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা প্রকাশ করেন।
পরে শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসীর ভালোবাসা ও শ্রদ্ধার মধ্য দিয়ে দীর্ঘদিনের কর্মস্থল বাগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে মো. মাহবুব আলম চৌধুরীকে বিদায় জানানো হয়।

ফুলেল শুভেচ্ছায় অশ্রুসিক্ত

প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। শিক্ষার্থীদের পাঠদানের পাশাপাশি একজন আদর্শ শিক্ষক হিসেবে তাঁর আন্তরিকতা ও দায়িত্ববোধ সহকর্মী ও শিক্ষার্থীদের কাছে স্মরণীয় হয়ে থাকবে বলে অনুষ্ঠানে বক্তারা উল্লেখ করেন।
বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আবু সাঈদ।
৩নং বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক সুপ্রিয় তত্ত্ব সানির সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন- প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা, বিভিন্ন উপজেলার শিক্ষক নেতৃবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা। তাঁদের মধ্যে প্রাথমিক শিক্ষা ইন্সপেক্টর রাশেদা আতিক, মতলব উপজেলার সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার আঃ হাই, সদর উপজেলার সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার এ কে এম মিজানুর রহমানসহ বিভিন্ন উপজেলার শিক্ষক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
এ সময় চাঁদপুর সদর ও পৌর এলাকার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকসহ বিভিন্ন উপজেলার শিক্ষকরা উপস্থিত ছিলেন।
বক্তারা বলেন, শিক্ষকতা শুধু একটি পেশা নয়, এটি মানুষ গড়ার মহান দায়িত্ব। দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিক মূল্যবোধের শিক্ষা দিয়ে মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী যে অবদান রেখেছেন, তা তাঁর কর্মজীবনের অন্যতম অর্জন। অবসর জীবনে তিনি সুস্থ ও সুন্দরভাবে জীবনযাপন করবেন, এ প্রত্যাশাও ব্যক্ত করেন তাঁরা।
অনুষ্ঠানের শেষপর্বে প্রিয় প্রধান শিক্ষককে ফুল দিয়ে শুভেচ্ছা জানান সহকর্মী ও শিক্ষার্থীরা। ভালোবাসার স্মারক হিসেবে তাঁর হাতে তুলে দেওয়া হয় উপহারসামগ্রী। বিদায়ের মুহূর্তে শিক্ষক-শিক্ষার্থীদের আবেগঘন পরিবেশে যেন বারবার ফিরে আসছিল দীর্ঘ কর্মজীবনের নানা স্মৃতি।
প্রিয় শিক্ষকের বিদায়ে শিক্ষার্থীদের চোখে-মুখে ছিল ভালোবাসা ও বিষণ্নতার ছাপ। আনুষ্ঠানিকভাবে দায়িত্ব থেকে বিদায় নিলেও তাঁদের হৃদয়ে একজন প্রিয় শিক্ষক হিসেবে মোঃ শাহাবুদ্দিন পাটোয়ারী দীর্ঘদিন স্মরণীয় হয়ে থাকবেন, এমনটাই ছিল পুরো আয়োজনের আবেগঘন বার্তা।

মতলব উত্তরে ৩০ প্রান্তিক

অনুষ্ঠানে মতলব উত্তর উপজেলা উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার। ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা যুবদলের সহ সভাপতি খায়রুল হাসান বেনু।
১০ দিনব্যাপী এই প্রশিক্ষণে বিভিন্ন সেশনে উপস্থিত থেকে প্রান্তিক পেশাজীবীদের দিকনির্দেশনামূলক বক্তব্য ও প্রশিক্ষণ প্রদান করেন মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি, জেলা সমাজসেবা কার্যালয় উপ পরিচালক নজরুল ইসলাম, জেলা সমাজসেবা সহকারী পরিচালক রুহুল আমিন বাশীর সদর দপ্তরের মাস্টার ট্রেইনার, বিভাগীয় সমাজসেবা কার্যালয় সহকারী পরিচালক সহ মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কামরুল হাসান এবং মতলব উত্তর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন।
অনুষ্ঠান শেষে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করা নির্বাচিত ৩০ জন প্রান্তিক নারী-পুরুষের প্রত্যেকের হাতে এককালীন ১৮ হাজার টাকার আর্থিক অনুদানের চেক ও প্রশিক্ষণ সনদপত্র তুলে দেন উপস্থিত অতিথিরা।

হাইমচরে ওলামা দলের

ওলামা দলের সভাপতি মোহাম্মদ আলমগীর হোসেন ও সাধারণ সম্পাদক আলাউদ্দিন আনসারীসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।
আলোচনা সভায় উপজেলা বিএনপির সভাপতি মোহাম্মদ আমানউল্লাহ বেপারী বলেন, বাংলাদেশ বর্তমানে দুর্নীতি ও ঋণের চাপে রয়েছে। তাঁর দাবি, বর্তমান সরকার প্রায় ৩০ লাখ কোটি টাকা ঋণের বোঝা নিয়ে ক্ষমতায় বসেছে। এ সময় তিনি দেশের অর্থনৈতিক পরিস্থিতি নিয়েও বক্তব্য দেন।
তিনি আরও বলেন, দীর্ঘ প্রায় ১৭ বছর তাঁরা স্বাভাবিকভাবে রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করতে পারেননি। বিভিন্ন সময় নিজ বাড়িতে অবস্থান করতে না পেরে অন্যের বাসা-বাড়িতে আশ্রয় নিতে হয়েছে। এমনকি বিভিন্ন বাগানেও তাঁদের সময় কাটাতে হয়েছে।
হাইমচর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোহাম্মদ মাজহারুল ইসলাম শফিক তাঁর বক্তব্যে ইসলামী মূল্যবোধ ও ধর্মীয় আদর্শের ভিত্তিতে দেশ গঠনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ইসলামী মূল্যবোধ ও ধর্মীয় পরিবেশ প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দল প্রতিষ্ঠা করেন।
আলোচনা সভায় বক্তারা প্রতিষ্ঠাবার্ষিকীর তাৎপর্য তুলে ধরে সংগঠনের আদর্শ ও লক্ষ্য বাস্তবায়নে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।
সভা শেষে একটি মিছিল উপজেলা বিএনপির কার্যালয় থেকে বের হয়ে আলগী বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে মিছিলটি পুনরায় দলীয় কার্যালয়ের সামনে এসে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত বক্তব্যের মাধ্যমে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করা হয়।
অনুষ্ঠানের শেষ পর্যায়ে হাইমচর উপজেলা ওলামা দলের সাধারণ সম্পাদক আলাউদ্দিন আনসারীর নেতৃত্বে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

চাঁদপুর শহরের আদালত পাড়ায়

জহিরুল ইসলাম, ডাঃ জালাল উদ্দিন রুমি, ব্যবসায়ী জাকির বন্দুকশী, ব্যবসায়ী আরিফুল ইসলাম, ডাইরেক্টর হিরা ঢালী ও খোকন বেপারী।
এ সময় চাঁদপুর জেলা ছাত্রদলের আহ্বায়ক ইসমাইল হোসেন পাটোয়ারী, যুগ্ম আহবায়ক বারেক ভূঁইয়াসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
আলোচনা সভা পূর্বে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন বেগম জামে মসজিদের পেশ ইমাম মাও. লিয়াকত আলী।

যেসব সচেতনতায় হৃদ্রোগের ঝুঁকি কমে

ডা. মো. আতাহার আলী

বাংলাদেশেও হৃদ্রোগ একটি বড় জনস্বাস্থ্য সমস্যা। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী, দেশের মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশ অসংক্রামক রোগের কারণে হয়ে থাকে। এসব রোগের মধ্যে হৃদ্রোগ অন্যতম প্রধান। এর ফলে প্রতিবছর বিপুলসংখ্যক মানুষ মারা যাচ্ছেন, যাঁদের একটি উল্লেখযোগ্য অংশ কর্মক্ষম বয়সের।
হৃদ্রোগের ঝুঁকি বাড়ার পেছনে রয়েছে নানা কারণ। উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, রক্তে 'খারাপ' কোলেস্টেরলের মাত্রা বেড়ে যাওয়া, ধূমপান, অতিরিক্ত ওজন, শারীরিক নিষ্ক্রিয়তা ও অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এর মধ্যে অন্যতম। অতিরিক্ত লবণ, চিনি ও অস্বাস্থ্যকর চর্বিযুক্ত খাবার নিয়মিত খাওয়া এবং দীর্ঘদিন অনিয়ন্ত্রিত জীবনযাপন ঝুঁকি বাড়াতে পারে।
তবে এসব ঝুঁকির অনেকগুলোই নিয়ন্ত্রণ করা সম্ভব। নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, স্বাস্থ্যকর জীবনযাপন এবং প্রয়োজন অনুযায়ী চিকিৎসা গ্রহণের মাধ্যমে হৃদ্রোগের ঝুঁকি কমানো যায়।
হৃদ্রোগকে শুধু বয়স্কদের সমস্যা ভাবার সুযোগ নেই। তরুণদের মধ্যেও ধূমপান, অতিরিক্ত ওজন, অস্বাস্থ্যকর খাবার, শারীরিক নিষ্ক্রিয়তা ও অনিয়মিত ঘুমের কারণে হার্টের স্বাস্থ্যের ঝুঁকি বাড়তে পারে। দীর্ঘ সময় বসে থাকা ও নিয়মিত ফাস্ট ফুড খাওয়ার অভ্যাসও স্বাস্থ্যকর জীবনযাপনের পথে বাধা। তবে এসব অভ্যাসের প্রভাব ব্যক্তির দীর্ঘদিনের জীবনযাপন ও সামগ্রিক ঝুঁকির ওপর নির্ভর করে।
হৃদ্রোগের চিকিৎসায়ও এসেছে উল্লেখযোগ্য অগ্রগতি। অ্যানজিওপ্লাস্টি ও স্টেন্টিং, কোলেস্টেরল নিয়ন্ত্রণের আধুনিক ওষুধ, হার্ট ফেইলিউরের নতুন চিকিৎসা এবং দ্রুত রোগ নির্ণয়ের সুযোগ অনেক রোগীর চিকিৎসার সম্ভাবনা বাড়িয়েছে। বর্তমানে চিকিৎসার লক্ষ্য শুধু উপসর্গ নিয়ন্ত্রণ নয়; ভবিষ্যতে হার্ট অ্যাটাক, স্ট্রোক ও অন্যান্য জটিলতার ঝুঁকি কমানোও এর গুরুত্বপূর্ণ অংশ।
চিকিৎসার পাশাপাশি রোগীর সচেতনতাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস ও উচ্চ কোলেস্টেরল অনেক সময় কোনো উপসর্গ ছাড়াই থাকতে পারে। তাই ওষুধ খেয়ে ভালো বোধ করলেই নিজের সিদ্ধান্তে তা বন্ধ করা ঠিক নয়। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নিয়মিত ওষুধ গ্রহণ, প্রয়োজনীয় পরীক্ষা ও ফলোআপ চালিয়ে যাওয়া জরুরি।
দেখতে সুস্থ বা শারীরিকভাবে ফিট মানুষও হৃদ্রোগের ঝুঁকি থেকে পুরোপুরি মুক্ত নন। পারিবারিক ইতিহাস, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস বা উচ্চ কোলেস্টেরলের মতো কিছু ঝুঁকি বাইরে থেকে বোঝা যায় না। তাই বয়স ও ব্যক্তিগত ঝুঁকি অনুযায়ী নিয়মিত রক্তচাপ, রক্তে শর্করা ও কোলেস্টেরল পরীক্ষা করা প্রয়োজন।
হৃদ্রোগ প্রতিরোধের শুরু হতে পারে প্রতিদিনের জীবনযাপন থেকেই। ধূমপান থেকে দূরে থাকা, স্বাস্থ্যকর ও পরিমিত খাবার খাওয়া, নিয়মিত হাঁটা বা ব্যায়াম করা, পর্যাপ্ত ঘুম, ওজন নিয়ন্ত্রণে রাখা এবং প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা–এসব অভ্যাস হৃৎপিণ্ড ভালো রাখতে সহায়তা করে।
হৃদ্রোগ অনেক সময় নীরবে এগিয়ে আসে। তাই লক্ষণ দেখা দেওয়ার অপেক্ষা না করে নিজের ঝুঁকি সম্পর্কে সচেতন হওয়া এবং প্রয়োজন অনুযায়ী চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। হৃৎপিণ্ডের প্রতি নিয়মিত যত্ন ও সচেতনতা হৃদ্রোগের ঝুঁকি কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

এফিডেভিট

আমার বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড ঢাকা এর অধিন জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা-২০১৬, রোল নং- ৩৮৭৩০৪, রেজিষ্ট্রেশন নং- ১৬১৮৬৫৮৪৮৬/১৬ ও একই বোর্ডের অধিন দাখিল পরীক্ষা ২০১৯, রোল নং- ৩০৬২৬৮, ১৬১৮৬৫৮৪৮৬/১৭ এবং একই বোর্ডের অধিন আলিম পরীক্ষা- ২০২১, রোল নং- ১০৫৩৪৩, রেজিষ্ট্রেশন নং- ১৬১৮৬৫৮৪৮৬/১৯ এর প্রবেশ পত্র, রেজিষ্টেশন কার্ড, নম্বরপত্র ও সনদপত্রে সরল ভ্রমবশত আমার নাম "আব্দুল্লাহ চৌধুরী এর স্থলে আবদুল্লাহ ও আমার পিতার নাম হাফেজ মোঃ শাহাদাত হোসেন, মাতার নাম আয়েশা আক্তার এর স্থলে আয়েশা বেগম লিপি হয়েছে। যাহা ভুল ও ভ্রমাত্মক বটে।
প্রকৃত পক্ষে আমার নামীয় জন্ম নিবন্ধন নং- ২০০৩১৩১৪৯৩০০০৯৫৫৮ অনুযায়ী আমার সঠিক ও শুদ্ধ নাম ABDULLAH CHOWDHURY আব্দুল্লাহ চৌধুরী, পিতার নাম HAFAIIZ MD. SAHDAT HOSSAIN CHOWDARY হাফেজ মোঃ শাহাদাত হোসেন চৌধুরী এবং মাতার নাম AYSHA AKTER আয়েশা আক্তার লিপি হইয়া উল্লেখিত জুনিয়র দাখিল সার্টিফিকেট, দাখিল, আলিম পরীক্ষার কাগজপত্র সংশোধন হইবে।
-আবদুল্লাহ চৌধুরী

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিস্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

Government of the People's Republic of Bangladesh
Office of the Executive Engineer
Education Engineering Department
Chandpur.
Invitation for Tender (IFT)

e-Tender Notice No: 24/2026-2027/(4931-SHED).

Memo No: XEN/EED/Chandpur/e-Gp/447 Date: 30/09/2026.

e-Tender is invited in the National e-GP system portal (http/www.eprocure.gov.bd) for the procurement of following work, details is given below.

Sl No	Package No.	Name of Works	Procure-ment Method	Tender ID No.	Tender/Proposal Document Last Selling/ downloading Date and Time	Tender/Proposal Opening Date and Time
01.	18/4931-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair & Renovation works of Academic Building at **Faidongj Govt. College** Under Faridgonj Upazilla Chandpur District. (RMS ID:1055419, FY: 2025-26)	**OTM**	**1342392**	**14-Oct-2026 15:00**	**15-Oct-2026 13:00**
02.	19/4931-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair & Renovation works of Boban-4 at **Chengarchor Govt. Model High School** Under Matlab North Upazilla Chandpur District. (RMS ID:1055376, FY: 2025-26)	**OTM**	**1342393**	**14-Oct-2026 15:00**	**15-Oct-2026 13:00**
03.	20/4931-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair & Renovation works of Tinshade Academic Building at **Hajiganj Model Govt. College** Under Hajiganj Upazilla Chandpur District. (RMS ID:1054809, FY: 2025-26)	**OTM**	**1342394**	**14-Oct-2026 15:00**	**15-Oct-2026 13:00**

This is an online Tender, Where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted.

To submit e-Tender, registration in the National e-GP system portal (http//www.eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP system portal have to be deposited online through any registered Bank branches as mentioned above. Further information and guidelines are available in the National e-GP system portal and e-GP help desk (helpdesk@eprocure.gov.bd)

(Mujahidul Islam Alif)
Executive Engineer
Education Engineering Depart
Chandpur.

চাঁদপুরে কারেন্ট জালের

ধউপজেলা মৎস্য কর্মকর্তার সমন্বয়ে অভিযানটি পরিচালিত হয়।
অভিযানকালে নদীতে নিষিদ্ধ কারেন্ট জাল ব্যবহার করে মাছ শিকারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। এ সময় ৩টি নৌকা এবং প্রায় ২ হাজার বর্গমিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। একই সঙ্গে অপরাধে জড়িত থাকার অভিযোগে ১১ জনকে গ্রেপ্তার করা হয়।
গ্রেপ্তার ১১ জনের বিরুদ্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. বরকত উল্লাহ ৭ জনকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং প্রত্যেককে ১ হাজার টাকা করে জরিমানা করেন। অপর ৪ জনকে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। তাদের প্রত্যেককেও ১ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে।
অভিযানে চাঁদপুর জেলা মৎস্য কর্মকর্তা মো. ফখরুল ইসলাম, জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. নাজমুল হক, সদর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মো. মিজানুর রহমানসহ সদর নৌ পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক বলেন, দণ্ডপ্রাপ্ত আসামিদের আইনানুগ প্রক্রিয়ায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। জব্দ করা নৌকা ও কারেন্ট জাল নৌ পুলিশের হেফাজতে রয়েছে।

আন্তর্জাতিক প্রবীণ দিবস

রাষ্ট্রপতি বলেন, 'চিকিৎসাবিজ্ঞানের অভাবনীয় অগ্রগতি এবং জীবনমানের উন্নয়নের ফলে মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়েছে। ফলে, পৃথিবীর সব দেশেই প্রবীণ জনগোষ্ঠীর সংখ্যা ক্রমাগত বাড়ছে। দীর্ঘায়ুর এই যুগে প্রবীণ নাগরিকদের স্বাস্থ্যসেবা, সামাজিক নিরাপত্তা, আবাসন ও কর্মসংস্থান ব্যবস্থাপনাকে নতুন করে ঢেলে সাজানোর বিষয়ে চিন্তার সুযোগ সৃষ্টি করেছে।'
বিশ্বের অন্যান্য দেশের মতো ১ অক্টোবর ২০২৬ এ দেশেও 'আন্তর্জাতিক প্রবীণ দিবস' পালিত হচ্ছে উল্লেখ করে রাষ্ট্রপতি বাংলাদেশসহ বিশ্বের সব প্রবীণ নাগরিককে আন্তরিক শুভেচ্ছা ও গভীর শ্রদ্ধা জানান।
রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সামাজিক ও জনহিতৈষী সংগঠন, বিত্তবান ব্যক্তিবর্গ এবং প্রতিটি পরিবার প্রবীণদের কল্যাণে আরো সক্রিয় ভূমিকা পালনে এগিয়ে আসবে।
তিনি বলেন, প্রবীণদের প্রতি ভালোবাসা, তাদের হাসিমুখ ও নিরাপদ বার্ধক্য নিশ্চিত করা সবার অঙ্গীকার হওয়া উচিত। রাষ্ট্রপতি বাংলাদেশ ও বিশ্বের সব প্রবীণ ব্যক্তির সুস্বাস্থ্য ও শান্তিময় জীবন কামনা করেন।

বারডেমের নতুন মহাপরিচালক

বারডেমের সার্বিক প্রশাসনিক ও চিকিৎসাসেবা ব্যবস্থাপনা উন্নয়নে তাঁর পূর্ব অভিজ্ঞতা বিশেষ ভূমিকা পালন করেছে।
বারডেমে কাজ করার পূর্বে তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া কর্মজীবনে তিনি বাংলাদেশ সেনাবাহিনীর চিকিৎসা কোরে দীর্ঘ সময় দেশ ও বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর পদে দায়িত্ব পালন করেছেন। তাঁর এই বিস্তর প্রশাসনিক দক্ষতা এবং চিকিৎসা ব্যবস্থাপনার অভিজ্ঞতা বারডেমের আধুনিকায়ন ও রোগীসেবার মান আরও উন্নত করতে সহায়ক হবে বলে আশা প্রকাশ করা হয়েছে।
প্রসঙ্গত, ডা. নাছির উদ্দিন আহমেদের এই অর্জনে তাঁর জন্মভূমি চাঁদপুরবাসী অত্যন্ত গর্বিত। তিনি চাঁদপুর জেলার হাজীগঞ্জ পৌরসভার বলাখাল গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারের সন্তান। মানবিক ও জনসেবামূলক শিক্ষার দীক্ষা তিনি পেয়েছেন পারিবারিক আবহ থেকেই; তিনি হাজীগঞ্জ-শাহরাস্তি আসনের সাবেক সংসদ সদস্য মরহুম ডা. আবদুস সাত্তারের জ্যেষ্ঠ পুত্র।
বারডেম জেনারেল হাসপাতালে তাঁর এই নতুন দায়িত্ব গ্রহণ ডায়াবেটিক রোগীদের আধুনিক চিকিৎসা নিশ্চিতকরণ ও চিকিৎসাসেবার সার্বিক গুণগত মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। চাঁদপুরের এই কৃতী সন্তানের নতুন দায়িত্বে সফলতা কামনা করে শুভেচ্ছা জানিয়েছেন স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ ও এলাকাবাসী।

প্রশাসন যদি জালিমের ভূমিকা পালন

বক্তব্যে ডা. শফিকুর রহমান বলেন, 'আমরা চাই না আমাদের প্রশাসন অতীত ফ্যাসিবাদী আমলের মতো অন্যায়ের পক্ষ নিক। সংযত ও ভালো কাজে প্রশাসন সবসময় জনগণের সহযোগিতা পাবে। কিন্তু প্রশাসন যদি জালিমের ভূমিকা পালন করে, তবে আমরা তা রুখে দাঁড়াবো।' এ সময় তিনি প্রশাসনকে 'দুষ্টের দমন ও শিষ্টের লালন' নীতি অক্ষরে অক্ষরে পালন করার আহ্বান জানান।
উচ্ছেদ অভিযান প্রসঙ্গে জামায়াত আমির বলেন, রাস্তাঘাট পরিচ্ছন্ন ও চলাচলের উপযোগী রাখা যেমন নাগরিক দায়িত্ব, তেমনি ফুটপাতের প্রান্তিক ক্ষুদ্র ব্যবসায়ীদের জীবন-জীবিকা নিশ্চিত করাও রাষ্ট্রের কর্তব্য। উপযুক্ত বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা না করে হঠাৎ উচ্ছেদ অভিযান পরিচালনা করায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, এ ধরনের উদ্যোগ নেওয়ার আগে স্থানীয় সংসদ সদস্য ও জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হলে সংঘাত এড়ানো সম্ভব হতো। সমন্বিত ও টেকসই পরিকল্পনার মাধ্যমে সমস্যার স্থায়ী সমাধানের তাগিদ দেন তিনি।
ফুটপাত ঘিরে দীর্ঘদিনের চাঁদাবাজির কঠোর সমালোচনা করে তিনি বলেন, একদল অসাধু চক্র মাসের পর মাস এই ক্ষুদ্র ব্যবসায়ীদের জিম্মি করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক হারে চাঁদা আদায় করে আসছে। এর ফলে শেষ পর্যন্ত সাধারণ ভোক্তাদের ওপর আর্থিক বোঝা বাড়ছে। তিনি স্পষ্টভাবে জানান, শহর কিংবা দেশে কোনো ধরনের চাঁদাবাজি, দখলদারি ও মাদকের ব্যবসা বরদাশত করা হবে না। যারা এসব অপরাধে জড়িত, তাদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি।
উচ্ছেদ অভিযানে সংঘর্ষে হতাহত এবং সরকারি ও স্থানীয় সম্পদের ক্ষয়ক্ষতিতে দুঃখ প্রকাশ করে ডা. শফিকুর রহমান সবাইকে ধৈর্য ধারণ ও শান্তি বজায় রাখার আহ্বান জানান। একই সঙ্গে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে এবং আলোচনার ভিত্তিতে একটি মানবিক ও বাস্তবসম্মত সমাধান খুঁজে বের করতে সরকারের প্রতি জোর দাবি জানান তিনি।

চাঁদপুরে বেড়েছে ইলিশের

যাচ্ছে। এই দামে নিয়মিত ইলিশ কেনা সম্ভব না।
ঢাকা থেকে আসা সফিকুর বলেন, জীবিকার প্রয়োজনে রাজধানীতে বসবাস করলেও নিজের বাড়ি চাঁদপুর জেলায় হওয়ার পরেও আমরা ইলিশ কিনতে হচ্ছে অধিক দামে তাই এক কেজির ইলিশ ২ হাজার ২০০ থেকে ২ হাজার ৫০০ টাকায় কিনতে হচ্ছে। সংসারের অন্য খরচ আছে। তাই ইচ্ছা থাকলেও ইলিশ কিনতে পারছি না।
ফরিদগঞ্জ থেকে আসা আরেকজন ক্রেতা প্রহর সরকার বলেন, ইলিশ বাঙালির পছন্দের মাছ। কিন্তু দাম যদি সাধারণ মানুষের নাগালের মধ্যে না থাকে, তাহলে মানুষ কীভাবে কিনবে? দাম কিছুটা কমলে হয়তো কিনতে পারতাম।
বিক্রেতাদের ভাষ্য, ইলিশের দাম বেড়ে যাওয়ায় বিক্রিতে প্রভাব পড়েছে। বাজারে ক্রেতারা মাছের দাম জানতে চাইলেও অনেকে দাম শুনে আর কিনছেন না। বড় মাছের পরিবর্তে তুলনামূলক ছোট ইলিশের দিকে ঝুঁকছেন কেউ কেউ।
বড় স্টেশন মাছঘাটের বিক্রেতা জলিল লস্কর বলেন, দাম বেশি হওয়ায় বিক্রি আগের মতো নেই। ক্রেতারা এসে দাম জিজ্ঞেস করছেন, এরপর অনেকে আর কিনছেন না। ৮০০-৯০০ গ্রামের মাছও দেড় হাজার টাকা কেজি হওয়ায় সাধারণ ক্রেতার জন্য চাপ হয়ে যাচ্ছে।
বিক্রেতা উত্তম দাস বলেন, এক কেজির ওপরের ইলিশ ২ হাজার ২০০ টাকা কেজি। বড় মাছের দাম শুনে অনেকে ছোট মাছ খুঁজছেন।
এদিকে বাজারে দেশি ইলিশের পাশাপাশি ভারত থেকে আমদানি করা ইলিশও বিক্রি হচ্ছে। তবে কয়েকজন ক্রেতা জানিয়েছেন, ভারতীয় ইলিশের স্বাদ ও মান দেশি ইলিশের মতো মনে না হওয়ায় তারা তা কিনতে আগ্রহী নন। দেশি ইলিশ পছন্দ হলেও বেশি দামের কারণে সেটিও কেনা সম্ভব হচ্ছে না তাদের।
এদিকে ক্রেতা মো.বিল্লাল হোসেন বলেন, দেশি ইলিশের স্বাদ ভালো। ভারত থেকে আসা ইলিশ খেয়ে তেমন ভালো লাগেনি। তাই দেশি ইলিশই নিতে চাই। কিন্তু দেশি ইলিশের দাম এত বেশি যে চাইলেও কেনা যাচ্ছে না।
ইলিশের আড়তদার মিজানুর রহমান কালু ভুইয়া বলেন, গত দুই দিন হাতিয়ার মাছ কিছুটা এসেছে। তবে চাঁদপুরের স্থানীয় ইলিশ খুবই কম। এ কারণে দাম বেশি।
ক্রেতাদের মতে, ৮০০ থেকে ৯০০ গ্রাম ওজনের ইলিশের দামই যদি কেজিতে ১ হাজার ৫০০ টাকা হয় এবং এক কেজি বা তার বেশি ওজনের মাছ কিনতে কেজিপ্রতি ২ হাজার ২০০ টাকা গুনতে হয়, তাহলে নিম্ন ও মধ্য আয়ের পরিবারের জন্য নিয়মিত ইলিশ কেনা কঠিন।
চাঁদপুর মৎস্য বণিক সমিতির সাধারণ সম্পাদক হাজী শবেবরাত সরকার বলেন, চাঁদপুর মাছঘাটে এখনো পর্যাপ্ত ইলিশ নেই। তবে আগের তুলনায় আমদানি কিছুটা বেড়েছে। ফলে গত সপ্তাহের তুলনায় দামও কিছুটা কমেছে। এখন প্রতিদিন প্রায় কেজিতে ৫০ থেকে ১০০ টাকা করে দাম কমছে।
চাঁদপুর জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফকরুল ইসলাম জানান, ইলিশের উৎপাদন বাড়াতে জাটকা সংরক্ষণ, নিষিদ্ধ সময়ে মাছ ধরা ও অবৈধ জাল দিয়ে মাছ ধরা বন্ধ করা প্রয়োজন। তিনি সরকার ঘোষিত আগামী ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত শুরু হওয়া মা ইলিশ রক্ষা অভিযান সফল করতে প্রশাসন, জেলে, মৎস্য বিভাগ তথা সকল জনগণের প্রতি আহ্বান জানান। নদীতে ইলিশের বিচরণ ও সরবরাহ বাড়লে বাজারে দামও স্বাভাবিক হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও তিনি জানান।

চাঁদপুরে ওলামা দলের

অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন।
চাঁদপুর জেলা ওলামা দলের সদস্য সচিব হাফেজ জাকির হোসেন মৃধা ও যুগ্ম আহ্বায়ক অধ্যাপক মো. সাইফুল ইসলাম খানের যৌথ পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন জেলা ওলামা দলের যুগ্ম আহ্বায়ক মুজিবোল্লা মাও. রফিকুল ইসলাম, কাজী ফজলুল কবির, মাও. সিদ্দিকুর রহমান মেহগতি, মাও. আনোয়ার হোসেন, পৌর ওলামা দলের সভাপতি আকবর হোসেন মাতব্বর, ফরিদগঞ্জ উপজেলা ওলামা দলের সভাপতি অধ্যাপক বেনিয়ামিন, সদর উপজেলা ওলামা দলের আহ্বায়ক কাজী ইসমাইল হোসেন, হাইমচর উপজেলা ওলামা দলের সাধারণ সম্পাদক মাও. আলাউদ্দিন আনসারী প্রমুখ।
অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন পৌর ওলামা দলের যুগ্ম আহ্বায়ক হাফেজ মাও. দ্বীন ইসলাম।
বক্তারা বলেন, বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান সর্বপ্রথম সংবিধানে বিসমিল্লাহির রাহমানির রাহিম যুক্ত করেছিলেন। তারই ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সংসদে ছবির পরিবর্তে লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ (সাঃ) যুক্ত করেছেন। ওলামা দলকে দায়িত্ব দিতে হবে। ইসলামি ফাউন্ডেশনের কার্যক্রম ওলামা দলের মাধ্যমে পরিচালিত করতে দিতে হবে।
এ সময় জেলা, পৌর ও সদর উপজেলা ওলামা দলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

কচুয়ায় ২৪ পিস ইয়াবাসহ

ইয়াবা উদ্ধার করা হয়। দ্বিতীয় অভিযানে বিকেল ৩টা ৩০ মিনিটে এসআই আবু তাহের মোল্লা সঙ্গীয় ফোর্সসহ পৌরসভার মাসিমপুর মুন্সীবাড়ির মোড়ে বিল্লাল হোসেনের দোকানের সামনে থেকে মো. নুরনবী (৩৬) ও মো. শাহাদাত হোসেন (২৬) কে আটক করে। তাদের কাছ থেকে ৪ পিস ইয়াবা উদ্ধার করা হয়।
তৃতীয় অভিযানে বিকেল ৩টা ৪৫ মিনিটে এসআই রুবেল সরকার সঙ্গীয় ফোর্সসহ পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের করইশ মানিক ডাক্তারের বাড়ির সামনে ফয়সালের দোকানের পাশ থেকে হাসিবুল ইসলাম ফয়েজ (২৯) কে আটক করে। তার কাছ থেকে ১১ পিস ইয়াবা উদ্ধার করা হয়।
উদ্ধারকৃত ২৪ পিস ইয়াবার আনুমানিক মূল্য ৭ হাজার ২০০ টাকা।
এ ঘটনায় কচুয়া থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক তিনটি মামলা (এফআইআর নং- ৪৩, ৪৪ ও ৪৫) রুজু করা হয়েছে। আটককৃত ৪ জনকে আজ মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

আমদানি নীতি সংশোধন,

আমদানির সুযোগ ছিল। কাটা বা টুকরো কাপড় আনা যেত না। এখন কৃত্রিম তন্তুর সীমলেস স্পোর্টসওয়্যার, উচ্চমূল্যের ফ্যাশন আইটেম ও ফাংশনাল পোশাকের কাপড় আকৃতি ও সাইজ নির্বিশেষে আনা যাবে। তবে এর জন্য বিজিএমইএ বা বিকেএমইএর সুপারিশ লাগবে বলে তুলে ধরা হয়েছে আদেশে। এছাড়াও বিনামূল্যে (এফওসি) আমদানির ছকে কটন, ম্যান-মেড ফাইবার ও সিনথেটিক ফেব্রিক্সের সঙ্গে 'ও অন্যান্য উপকরণ' যোগ করা হয়েছে। স্পেশালাইজড টেক্সটাইল ও হোসিয়ারি পণ্যের কাঁচামালের পরিমাণ এখন ইউডি বা ইউপি অনুযায়ী ঠিক হবে। হোসিয়ারি ও নিটেড পোশাকের সুতা ও নিটেড কাপড় আনতে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতির শর্তও আর নেই আর নেই নতুন বিধানে। ২৫ আগস্ট ঋণপত্র বা এলসি খোলার কড়াকড়ি শিথিল, আমদানি সহজীকরণ ও মুক্ত বাণিজ্য নীতিকে প্রাধান্য দিয়ে আমদানি নীতি আদেশ জারি করে সরকার। এ আমদানি নীতি আদেশ ২০২৬-২৯ এ বাণিজ্য সহজীকরণ, দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ এবং স্বল্পোন্নত দেশ-এলডিসি থেকে উত্তরণ-পরবর্তী বৈশ্বিক বাণিজ্যের সঙ্গে সামঞ্জস্য রাখার চেষ্টা করা হয়েছে। এ আদেশের মধ্য দিয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের জারি করা আগের ২০২১-২৪ সালের আমদানি নীতি বাতিল হয়ে গেল।
নতুন নীতিতে বাণিজ্য প্রক্রিয়া আধুনিকীকরণ ও ব্যাংকিং জটিলতা কমাতে বেশ কিছু নীতিগত পরিবর্তন আনা হয়েছে; একই সঙ্গে দেশের অভ্যন্তরীণ শিল্প, ব্যবসা-বাণিজ্য এবং আন্তর্জাতিক দ্বিপক্ষিক সম্পর্কে বহুমাত্রিক সম্ভাবনা ও চ্যালেঞ্জ তৈরির জায়গা রয়েছে নতুন আদেশে।
এর আগের আমদানি নীতি আদেশে ঋণপত্র (এলসি) ছাড়া ক্রয়-বিক্রয় চুক্তির মাধ্যমে আমদানির সুযোগ থাকলেও বিভিন্ন পণ্য ও খাতের ক্ষেত্রে নির্দিষ্ট সীমা ও শর্ত ছিল। নতুন আদেশে এ সুযোগ আরও বাড়িয়ে আন্তর্জাতিক বাণিজ্যে প্রচলিত পদ্ধতির সঙ্গে সামঞ্জস্য রাখার প্রচেষ্টা সরকারের তরফে দেখা যায়।

মতলবে নিরাপদ খাদ্য আইনে

দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য পরিদর্শক ও নিরাপদ খাদ্য পরিদর্শক গাজী মো. খোরশেদ আলমের অভিযোগের পরিপ্রেক্ষিতে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট ধারায় মামলাটি করা হয়েছিল।
অভিযোগে বলা হয়, চলতি মাসের ১৫ সেপ্টেম্বর (মঙ্গলবার) বিকেলে দোকানে গিয়ে তাদের কারখানা পরিদর্শন করতে চেয়ে তিনি অভিযুক্তগণ বিভিন্ন অজুহাতে ৪০ থেকে ৫০ মিনিট কালক্ষেপণ করে বাসি ও পচা খাবার কারখানা হতে সরিয়ে নেন। এছাড়াও দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য পরিদর্শক ও সংশ্লিষ্টদের সাথে তারা অসৌজন্যমূলক আচরণ করেন এবং পরিদর্শন কাজে অসহযোগিতা করেন।
মামলাটির বিচারকালে প্রত্যেক আসামি নিজেদের অপরাধ স্বীকার করেন। তাদের অপরাধ স্বীকারের পরিপ্রেক্ষিতে বিশুদ্ধ খাদ্য আদালতের দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট শাহাদাতুল হাসান আল মুরাদ দুই আসামির প্রত্যেককে ২ লাখ টাকা করে মোট ৪ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করেন।
সংশ্লিষ্ট আদালত জানায়, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে আইন অনুযায়ী এ ধরনের অভিযান ও আইনের কঠোর প্রয়োগ অব্যাহত থাকবে।

শাহরাস্তিতে ২১ কিশোর

পেয়ে কিশোরদের অভিভাবকরা থানায় আসেন। তাঁরা লিখিতভাবে আশ্বস্ত করেন, ভবিষ্যতে তাঁদের সন্তানরা পড়াশোনা বাদ দিয়ে রাতে অযথা ঘোরাফেরা করবে না। এ সময় অভিভাবকদের সন্তানদের প্রতি সতর্ক নজর রাখার পরামর্শ দেওয়া হয়।
থানার রেকর্ডপত্র ও সিডিএমএস (ক্রাইম অ্যান্ড ক্রিমিনাল ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম) পর্যালোচনা করে আটক কারও বিরুদ্ধে কোনো অপরাধের তথ্য পাওয়া যায়নি। এ কারণে প্রথমবারের মতো সংশোধনের সুযোগ দিয়ে তাদের সংশ্লিষ্ট অভিভাবকদের জিম্মায় দেওয়া হয়।
পুলিশ জানায়, রাতে অযথা ঘোরাফেরার পাশাপাশি মাদক, অনলাইন জুয়া ও কিশোর গ্যাংসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড থেকে কিশোরদের দূরে রাখতেই এ অভিযান। ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।
এ বিষয়ে ওসি মীর মাহবুবুর রহমান বলেন, "কিশোরেরা যাতে মাদক, অনলাইন জুয়া ও কিশোর গ্যাংয়ের মতো অপরাধে জড়িয়ে না পড়ে, সে লক্ষ্যেই আমাদের এ উদ্যোগ। অভিভাবকদেরও সন্তানদের বিষয়ে আরও সচেতন থাকতে হবে।" শাহরাস্তি থানা এলাকাকে অপরাধমুক্ত রাখতে পুলিশের এ অভিযান চলবে।

চাঁদপুরে পুলিশ পরিচয়ে চালককে

সঙ্গে তার ছবি ও ভিডিও ধারণ করা হয়। পরে এসব ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে তার কাছে এক লাখ টাকা দাবি করে চক্রটি।
একপর্যায়ে সাইফুলকে ২০ হাজার টাকা দিতে বাধ্য করা হয়। এর মধ্যে বিকাশের মাধ্যমে ৮ হাজার টাকা এবং তার কাছে থাকা নগদ ১২ হাজার টাকা নিয়ে নেয় চক্রের সদস্যরা।
পরে কৌশলে এক স্বজনকে ফোন করে বিষয়টি জানান সাইফুল। খবর পেয়ে ডিবি পুলিশ ঘটনাস্থলের পাশের একটি ভবনে অভিযান চালায়। সেখান থেকে তাকে উদ্ধার করা হয়। একই সময় চার নারীকে আটক করা হয়।
তবে এজাহারে উল্লেখ করা হয়েছে, চক্রটির আরও কয়েকজন সদস্য ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।
চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফয়েজ আহমেদ জানান, ঘটনায় জড়িত অন্যদের শনাক্ত করে আটকের চেষ্টা চলছে। ঘটনার প্রকৃত তথ্য উদ্ঘাটনে তদন্ত করা হচ্ছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া চলমান।

গ্রাম আদালতকে মানুষের

প্রতিকারের জন্য। দীর্ঘ সময় যাবৎ গ্রাম্য সালিশ বিচারে আমাদের একটা ভরসা আছে। গ্রাম আদালতের আইনী ভিত্তি আছে এবং নীতিমালা আছে। কাজের ও বিচারের পরিধি আছে।
গ্রাম আদালতকে মানুষের আস্থার জায়গা হিসেবে তৈরি করতে হবে। প্রচারের মাধ্যমে গ্রাম আদালতের বিচার প্রক্রিয়ার সময়কাল সম্পর্কে বলতে হবে? এতে মানুষের গ্রাম আদালতের প্রতি আগ্রহ তৈরি হবে। গ্রাম্য সালিশ বিচারের মাধ্যমেও ছোট ছোট সমস্যা সমাধান করা যায়। জনসচেতনতা তৈরির জন্য প্রচার-প্রচারণা বাড়াতে হবে।
তিনি বলেন, গ্রাম আদালতে নারী প্রতিনিধি নিয়োগ আমরা দিতে পারি না। কিন্তু আমরা নারীদের অংশগ্রহণ বৃদ্ধিতে উদ্বুদ্ধ করতে পারি? কোন বিচার প্রার্থী তার প্রতিনিধি হিসেবে নারী প্রতিনিধি নিয়োগ করতে পারবে। গ্রামের একটি ছোটখাটো বিরোধ বা সাধারণ বিষয় গ্রাম আদালতে স্থানীয়ভাবে নিষ্পত্তি করা সম্ভব। গ্রাম আদালতের বিচার ব্যবস্থার প্রতি সাধারণ ও নিরীহ মানুষের আস্থা এবং বিশ্বাস তৈরি করতে হবে।
সভায় গ্রাম আদালত সম্পর্কিত তথ্য উপস্থাপন করেন চাঁদপুর জেলা ম্যানেজার মমতাজ বেগম।
এ সময় সভায় অংশগ্রহণ করেন ও বক্তব্য রাখেন, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, সমাজসেবা অধিদফতর চাঁদপুর এর উপপরিচালক মো: নজরুল ইসলাম, চাঁদপুর ইসলামিক ফাউন্ডেশন এর এফ এম মুহা: জুলফিকার রহমান, চাঁদপুর শিশু বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা মো: মাহতাব হোসেন, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মো: হুমায়ুন কবির, পুলিশ পরিদর্শক মো: সারওয়ার আলম, জেলা তথ্য অফিসার রহিমা আক্তার।
এসময় আরো উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন, চাঁদপুর ব্যাংক নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মো: মজিবুর রহমান, জায়া হাউজের নির্বাহী পরিচালক মোহাম্মদ হাছান বেপারী, ইফসা এরিয়া ম্যানেজার রুবেল উদ্দিন, সোনালী সুদিন এর সভাপতি আবু হানিফসহ সংশ্লিষ্টজন।

হাম উপসর্গে আরো ৪ শিশুর

হাজার ৮৭৩ জন। গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে চার শিশুর মৃত্যু হয়েছে এবং গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হামে মোট ১ হাজার ৭ শিশুর মৃত্যু হয়েছে।
গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারো মৃত্যু হয়নি। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ১৫৭ জনের মৃত্যু হয়েছে।

লিগ্যাল এইড কমিটি দরিদ্র

আরও গতিশীল হয়েছে। প্রচার-প্রচারণা বৃদ্ধি পাওয়ায় সাধারণ মানুষের মধ্যে লিগ্যাল এইডের প্রতি আস্থা বেড়েছে। চাঁদপুর জেলা লিগ্যাল এইড অফিসের নিজস্ব অফিস থাকলে এর কার্যক্রম আরো গতিশীলতা পাবে। ইতিমধ্যে জেলা লিগ্যাল এইড নিজস্ব অফিসের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে?
চাঁদপুর জেলা চীফ লিগ্যাল এইড অফিসার (বিচারক) সিনিয়র সিভিল জজ মোঃ আবদুল আলীম এর পরিচালনায় বক্তব্য রাখেন চাঁদপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল এর বিজ্ঞ বিচারক তাসনীম জোহরা, বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আসমা জাহান নিপা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো: খায়রুল কবির, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. শামছুল ইসলাম মন্টু, সাধারণ সম্পাদক অ্যাড. জাকির হোসেন তালুকদার ফয়সাল, চাঁদপুর জেলা জজ আদালতের পিপি অ্যাডভোকেট কুহিনুর বেগম, চাঁদপুর জেলা কারাগারের সুপারের প্রতিনিধি জুবাইর হোসেন, সিভিল সার্জনের প্রতিনিধি ডা: মোহাম্মদ রফিকুল হাসান ফয়সাল, চাঁদপুর মানব উন্নয়ন সেবামূলক সংস্থার সভাপতি বিনয় ভূষন মজুমদার, জিপি এডভোকেট রফিকুল ইসলাম, এপিপি অ্যাডভোকেট শিরিন আক্তার সুপ্তা, ডিস্ট্রিক ম্যানেজার মমতাজ বেগম সহ লিগ্যাল এইড কমিটির সদস্যগণ।

ফরিদগঞ্জে মাদক কারবারি

করেন। এ সময় সন্দেহভাজন হিসেবে রুবেল ওরফে রানাকে তল্লাশি করে ৩০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।
এ বিষয়ে থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহ জানান, ইয়াবাসহ গ্রেপ্তারকৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে তাকে বিজ্ঞ আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।
ফরিদগঞ্জকে মাদকমুক্ত রাখতে আমাদের মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

বাংলাদেশ প্রতিদিনের চাঁদপুর

(চৌধুরী ইয়াসিন ইকরাম) এর আগে জাতীয় দৈনিক খবর, সংবাদ, খবরপত্র, দৈনিক আল মোজাদ্দেদ, দেশের অন্যতম সাপ্তাহিক আমোদ পত্রিকাসহ আরো কয়েকটি গণমাধ্যমে তিনি কাজ করেছেন।
এছাড়াও তিনি স্থানীয় দৈনিক চাঁদপুর সংবাদ ও দৈনিক চাঁদপুর প্রবাহে কাজ করেছেন। বর্তমানে দৈনিক চাঁদপুর কণ্ঠের প্রধান আলোকচিত্রি ও অনলাইন নিউজ পোর্টাল 'ফোকাসমোহনাডটকম', জিনিউজবিডিতে কাজ করছেন।
দেশের শীর্ষস্থানীয় এই দৈনিকে চাঁদপুর জেলা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তিনি সহকর্মী, প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনীসহ সর্ব মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

ডেঙ্গুতে আরো ৬ জনের

রোগীর মধ্যে বরিশাল বিভাগে ২১২ জন, চট্টগ্রাম বিভাগে ৩৪৩, ঢাকা বিভাগে (সিটি কর্পোরেশনের বাইরে) ৩২০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ১৮৯, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ২১০, খুলনা বিভাগে ২৪৮, ময়মনসিংহ বিভাগে ১১০ জন, রাজশাহী বিভাগে ২১১ জন, রংপুর বিভাগে ৯৯ এবং সিলেট বিভাগে ১৪ জন রয়েছেন।
চলতি বছরে এ যাবৎ মোট ৭৩ হাজার ৮৯০ জন ডেঙ্গু রোগী হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন। গত ২৪ ঘণ্টায় ছাড়পত্র পেয়েছেন এক হাজার ৮৮২ জন।

যমুনায় দুই বছরে সার

সংকট কাটেনি। চলতি বছরের ৭ জুন সংসদে শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, "গ্যাস সংকটের কারণে যমুনা সার কারখানা পূর্ণ সক্ষমতায় চালানো যাচ্ছে না। গ্যাস পাওয়া গেলে কারখানাটি চালাতে সমস্যা নেই।"
আশুগঞ্জ সার কারখানাতেও একই সংকট চলছে। ২০২৫ সালের ১ মার্চ গ্যাস সরবরাহ বন্ধ হওয়ার পর থেকে সেখানে ইউরিয়া উৎপাদন বন্ধ ছিল। কারখানাটির দৈনিক উৎপাদন সক্ষমতা ১১৫০ টন ইউরিয়া উৎপাদনের সক্ষমতা রয়েছে।
সংসদে গত জুনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদও আশুগঞ্জ সার কারখানায় গ্যাস দিতে না পারার কারণ হিসেবে গ্যাস সংকটের কথা বলেছিলেন। তার বক্তব্য ছিল, বিদ্যুৎকেন্দ্র চালু রাখতে গ্যাস দিতে হওয়ায় আশুগঞ্জ সার কারখানায় তখন সরবরাহ দেওয়া সম্ভব হচ্ছিল না।
গ্যাস সংকটের প্রভাব শুধু যমুনা ও আশুগঞ্জে সীমাবদ্ধ ছিল না। গত ৬ মার্চ বিসিআইসির পাঁচটি রাষ্ট্রায়ত্ত ইউরিয়া কারখানার মধ্যে চারটিতে ১৫ দিনের জন্য উৎপাদন বন্ধ রাখা হয়েছিল। তখন চালু ছিল শুধু শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি। পাঁচটি কারখানা পূর্ণ সক্ষমতায় চালাতে প্রতিদিন প্রায় ১৯৭ মিলিয়ন ঘনফুট গ্যাস প্রয়োজন বলে তথ্য দিয়েছিল বিসিআইসি।
বুধবারের বৈঠকে পে-অফ করা, অর্থাৎ বন্ধ করে কর্মীদের পাওনা মিটিয়ে দেওয়া সার কারখানাগুলো নিয়ে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা জানতে চেয়েছে সংসদীয় কমিটি। বন্ধ সার কারখানাগুলো আবার চালুর বিষয়ে মন্ত্রণালয়ের কী পরিকল্পনা রয়েছে, সেটিও জানতে চাওয়া হয়।
একই সঙ্গে পুরোনো সার কারখানাগুলো আধুনিক করে উৎপাদন সক্ষমতা বাড়ানোর ব্যবস্থা নিতে সুপারিশ করেছে কমিটি। বীজ উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণ করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও বলা হয়েছে। সারের কৃত্রিম সংকট তৈরি করা ডিলারদের লাইসেন্স বাতিলে কী ব্যবস্থা নেওয়া যায়, তা পর্যালোচনার সুপারিশ করেছে কমিটি।
সারের সরবরাহ ব্যবস্থায় কোথায় কত সার আছে এবং কোথায় যাচ্ছে, তা তাৎক্ষণিকভাবে দেখার জন্য ডিজিটাল রিয়েল-টাইম মনিটরিং ব্যবস্থা চালুর পরিকল্পনাও করতে বলা হয়েছে। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে মিল রেখে খাদ্য উৎপাদন বাড়াতে বিএডিসির ভবিষ্যৎ পরিকল্পনা কী, সে বিষয়ে পরবর্তী বৈঠকে বিস্তারিত তথ্য দিতে সুপারিশ করেছে কমিটি। বৈঠকে কমিটির সদস্য ও হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, হুইপ আখতারুজ্জামান মিয়া, তাহসিনা রুশদীর, খোন্দকার আবু আশফাক, মোহাম্মদ কয়ছর আহমেদ, মুস্তাফিজুর রহমান ভূঁইয়া এবং মোহাম্মদ নাজিবুর রহমান অংশ নেন। শিল্প মন্ত্রণালয়, বিসিআইসি, বিএডিসি এবং সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারাও বৈঠকে ছিলেন।

ছয় মাসে হারিয়েছে লক্ষাধিক

বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।
পাসপোর্ট হারানোর নেপথ্যে যা জানা গেছে
অধিদফতরের কর্মকর্তারা জানান, একজন ব্যক্তি পাসপোর্ট পাওয়ার পর বিদেশ যাওয়ার জন্য কোনও এজেন্সির কাছে তা জমা দেন। এজেন্সি ভিসা করে দিতে ব্যর্থ হলে বিভিন্নভাবে সময়ক্ষেপণ করতে থাকে। একপর্যায়ে পাসপোর্টটি ফেরত না পেয়ে সংশ্লিষ্ট ব্যক্তি থানায় পাসপোর্ট হারানোর কথা উল্লেখ করে সাধারণ ডায়েরি (জিডি) করেন। এরপর নতুন পাসপোর্টের জন্য আবেদন করেন। বিদেশে যাওয়ার পরও একই ধরনের ঘটনা ঘটছে। কোনও এজেন্সির মাধ্যমে বিদেশে গিয়ে কাজের জন্য পাসপোর্ট জমা দিয়ে আকামা নেওয়ার পর কাজ করতে থাকেন অনেকে। পরে ভালো কোনও সুযোগ পেয়ে অন্য জায়গায় যাওয়ার চেষ্টা করলে এজেন্সির কাছে থাকা পাসপোর্ট আর ফেরত পান না। তখন দূতাবাসে গিয়ে পাসপোর্ট হারিয়ে যাওয়ার কথা জানিয়ে নতুন পাসপোর্টের আবেদন করেন।
এ ছাড়া অবৈধ উপায়ে যারা বিদেশে যান, তাদের কেউ কেউ হাতে থাকা পাসপোর্ট থাকা সত্ত্বেও নতুন পাসপোর্টের আবেদন করেন। কেউ আবার অবৈধভাবে বিদেশে গিয়ে নিজের পাসপোর্ট নষ্ট করে নতুন পাসপোর্টের আবেদন করেন। এভাবেই প্রতিদিন বিপুলসংখ্যক হারানো পাসপোর্টের আবেদন আসছে বলে কর্মকর্তারা জানিয়েছেন।
দ্বিতীয়বার হারালে ১০ হাজার টাকা
পাসপোর্ট হারানোর প্রবণতা কমাতে প্রথমবার হারানো বা নষ্ট হওয়া পাসপোর্টের ক্ষেত্রে অতিরিক্ত কোনও ফি না নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে দ্বিতীয়বার পাসপোর্ট হারালে নির্ধারিত ফির সঙ্গে অতিরিক্ত ১০ হাজার টাকা দণ্ড ফি বা জরিমানা দিতে হবে।
অধিদফতরের কর্মকর্তারা জানান, পাসপোর্ট হারানোর ঘটনা বাড়তে থাকায় বিষয়টি নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়। এরপর কয়েক দফা সভা হয়। বাংলাদেশের মানুষের আর্থসামাজিক অবস্থার বিবেচনায় ১০ হাজার টাকা অতিরিক্ত অর্থকে বেশি মনে করা হলেও পাসপোর্ট হারানোর প্রবণতা কমাতে এই সিদ্ধান্ত নেওয়া হয়। গত ২১ সেপ্টেম্বর এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।
হারালে যা করতে হবে
নতুন নির্দেশনা অনুযায়ী, পাসপোর্ট হারালে বা নষ্ট হলে অবিলম্বে বহির্গমন ও পাসপোর্ট অধিদফতরের ওয়েবসাইট বা অনলাইনে তা রিপোর্ট করতে হবে। পাশাপাশি নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করতে হবে। সংশ্লিষ্ট থানা ৭২ ঘণ্টার মধ্যে জিডির সত্যতা যাচাই করে রিপোর্ট পাঠাবে। নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট পাওয়া না গেলে জিডির কপি সংযুক্ত করে 'লস্ট সার্কুলার' জারি করে নতুন পাসপোর্টের আবেদন করতে হবে।
কোনও ভিসা এজেন্সি, ব্যক্তি বা প্রতিষ্ঠান বেআইনিভাবে পাসপোর্ট আটকে রাখলে এবং তা উদ্ধার করা সম্ভব না হলে আগের পাসপোর্ট বাতিল করে নতুন পাসপোর্ট ইস্যু করা যাবে। হারানো বা চুরি হওয়া পাসপোর্টের তথ্য পাওয়া মাত্র স্পেশাল ব্রাঞ্চের ইমিগ্রেশন ম্যানেজমেন্ট সিস্টেমে (আইএমএস) তা হালনাগাদ করা হবে। প্রয়োজনে ইন্টারপোলকেও অবহিত করা হবে।
বিদেশে হারালে
বিদেশে অবস্থানকালে পাসপোর্ট হারালে সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস বা হাইকমিশনকে জানাতে হবে। সংশ্লিষ্ট মিশন লস্ট সার্কুলার জারি করে পুনঃইস্যুর প্রক্রিয়া সম্পন্ন করবে। পুনঃইস্যু করা নতুন পাসপোর্টের ডাটাপেজে স্পষ্টভাবে 'প্রিভিয়াস পাসপোর্ট ইজ রিপোর্টেড টু বি লস্ট' লেখা থাকবে। হারানো বা চুরি হওয়া পাসপোর্ট পুনঃইস্যুর সময় আবেদনকারীর নাম, বাবা-মায়ের নাম বা জন্মতারিখের মতো মৌলিক তথ্য সম্পূর্ণ পরিবর্তন করা যাবে না।
একবার বাতিল করা পাসপোর্ট পরে উদ্ধার হলেও সেটি দিয়ে ভ্রমণ করা যাবে না। সেটি নিষ্ক্রিয় করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা থানায় অবিলম্বে জানাতে হবে।
সচেতন হওয়ার আহ্বান
পাসপোর্ট অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন) এ টি এম আবু আসাদ বলেন, যেভাবে পাসপোর্ট হারানো, নষ্ট হওয়া বা চুরির বিষয় নতুন আবেদন আসছে, তা উদ্বেগজনক। পাসপোর্টধারীদের সচেতন করতে কিছু নির্দেশনা দেওয়া হয়েছে।
তিনি বলেন, প্রথমবার পাসপোর্ট হারালে কোনও অতিরিক্ত ফি ধার্য করা হয়নি। তবে দ্বিতীয়বার হারালে ১০ হাজার টাকা অতিরিক্ত অর্থ ধার্য করা হয়েছে। এটি শুধু সচেতনতার জন্য। তিনি আরও বলেন, পাসপোর্টধারীরা সচেতন হয়ে পাসপোর্ট যত্নসহকারে রাখবেন; এটাই তাদের আবেদন।

চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত
সেবা ফিজিওথেরাপি সেন্টার
ব্যথা মুক্ত সুস্থ জীবন...
(বাত-ব্যথা ও প্যারালাইসিস চিকিৎসা কেন্দ্র)
সেবা সমূহ: ইলেক্ট্রোথেরাপি, ম্যানুপুলেশন থেরাপি, আকুপাংচার, অর্থোসিস ও প্রস্থেসিস, হিজামা চিকিৎসা, ফিজিও জিম
রোগীর থাকার ব্যবস্থা আছে
চাঁদপুর: স্টেডিয়াম রোড, বঙ্গবন্ধু হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হসপিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার (আল-কাউছার স্কুল সংলগ্ন) হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষ্মীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন, কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসের ১ম ও ৩য় শুক্রবার দুপুর ২টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন, এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এমপিএইচ (বিএসএমএমইউ), সার্টিফাইড ফেলো কার্ডিওলজী, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ), মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার), এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), এমএস (ইএনটি), জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (প্রাক্তন), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর, মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ক্যান্সার রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার, এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ফাইনাল পার্ট) মেডিসিন, এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানি, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম, এমবিবিএস (ঢামেক), বিসিএস (স্বাস্থ্য), এম এস (গাইনী এন্ড অবস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং-এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডা: দ্বীন ইসলাম, এমবিবিএস (সিইউ), ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল), স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ ও পিআইসিইউ, সহকারী অধ্যাপক, মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ:
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘণ্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধা।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান